উন্নয়নগত দন্দ্ব এবং পরিবেশ সংরক্ষন ও অর্থনৈতিক প্রবৃদ্ধির মাঝে তৈরী হয় সম্পদ সংস্থানগত দন্দ্ব (ক্যাম্পবেল, ১৯৯৬)।




'পরিকল্পকের ত্রিভূজ', ক্যাম্পবেল, ১৯৯৬
Planners' triangle, Campbell, 1996

ক্যাম্পবেল প্রকৃত সংবেদনশীল উন্নয়নের জন্য পরিকল্পকের ত্রিভুজের মাধ্যমে ব্যাক্ত তিনটি স্তম্ভের মাঝে সাম্যাবস্থা তৈরি করার পরামর্শ দিলেও প্রযুক্তি নির্ভর সংখ্যাত্মক প্রণোদনার কারণে সামাজিক সাম্যভাব হারিয়ে যায় এবং তা হয়ে ওঠে অধিকমাত্রায় প্রযুক্তি নির্ভর ,অত্যন্ত সংকোচনকামী মনোভাবাপূর্ণ ও নির্মিত বিশ্ব সম্পর্কে অপরিপক্ক ধারনার ফসল (ক্যানিজারো, ২০১০)। একই সাথে সেই তথাকথিত টেকসই উন্নয়ন; এলাকা ভিত্তিক ভিন্নতার সাথে যুক্ত সমস্যা সমাধানের সঠিক দিকনির্দেশনা তো দিতে পারেই না বরং সংকির্ণ মনোভাবের কারণে এলাকা ভিত্তিক সংস্কৃতি, সম্ভাবনা এবং সমৃদ্ধতাকে বুঝতে অবহেলা করে। এজন্য টেকসই উন্নয়ন ভাবনাকে আঞ্চলিকতাবাদের দৃষ্টিতে দেখলে সংবেদনশীল ভাবনার দেশজ সংস্করণ গঠন করা সম্ভব (ক্যানিজারো, ২০১০)। কারন আঞ্চলিকতাবাদ একটি বিকেন্দ্রীভূত, অধিক সামাজিক ও অংশগ্রহণমূলক কৌশল প্রস্তাব করে যেখানে দেশজ আর্থ-সামাজিক যথার্থতা এবং স্থানীয় প্রাকৃতিক বৈশিষ্ট্য ও জলবায়ু সম্বন্ধীয় যৌক্তিকতা পাওয়া যায়। একই সাথে এই দৃষ্টিভঙ্গী স্থানীয় কৌশল, প্রযুক্তি, ঐতিহ্যগত জীবিকা ব্যাবস্থা ও পরিচালনা পদ্ধতিকে গুরুত্ব দেয়ার মাধ্যমে স্থানীয় জীবন ব্যাবস্থায় মানানসই উন্নয়ন বয়ে আনে যা সামাজিক গ্রহণ যোগ্যতার মাধ্যমে স্থায়ী হয়ে ওঠে।

## ৩.১ বিশ্বব্যাপী নীতিমালার পরিপ্রেক্ষিত
## 3.1 Global Policy Perspectives

২০৩০ সালের মধ্যে দারিদ্র দূরীকরণ ও সংবেদনশীল উন্নয়নের জন্য বিশ্বব্যাপী গৃহীত লক্ষ্য সমূহ সংবেদনশীল উন্নয়ন লক্ষ্য (SDG) হিসেবে পরিচিত এবং সংবেদনশীল উন্নয়ন লক্ষ্য সমূহ সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যকে (MDG) অনুসরণে রেখে সংবেদনশীল উন্নয়ন সংক্রান্ত বিষয়সূচির উপর আলোচনার ভিত্তিতে গঠিত যা প্রথম রিও ডি জেনেরো-তে অনুষ্ঠিত জাতিসংঘ সম্মেলনে আলোচিত হয়।

perspectives (Campbell, 1996). Due to the difference in interest and attitude, representatives of each pillar make different rivalries in different paragraphs of the triangle, which can be reduced through compromising. On the one hand, social equity gets engaged in an ownership-based rivalry with economic growth, on the other hand, it involves in development related rivalry with environmental protection. And between economic growth and environmental protection, the rivalry on resource consolidation takes place (Campbell, 1996). Campbell advised to create equilibrium between the three pillars through the planets' triangle for real sustainable development, but social equity is lost due to technology-based quantitative motivations and it becomes more dependent on technology, very narrow-minded and the result of the immaterial ideas about the world (Canisaro, 2010). At the same time, the so-called sustainable development; cannot give proper direction to solve the problem-related to area-based variation. Rather, it is negligent to understand area-based culture, opportunity, and prosperity due to the narrow attitude. For this reason, looking at the sustainable development from regionalism perspective, it can be possible to create an indigenous version of sustainable thinking (Canisaro, 2010). Because regionalism suggests a decent, more social and participatory strategy where a country's socio-economic accuracy and local natural characteristics and climate rationality are available. At the same time, this approach brings proper development into the local life system by giving importance to the local techniques, technology, traditional livelihood system and management system, which can last through social acceptance.

Sustainable development goals are known as the goals taken for worldwide poverty reduction and sustainable development by 2030 and sustainable development goals are based on discussion on sustainable development issues followed by the Millennium Development Goals (MDG), which was first discussed at the UN Confe-

পুর্ববর্তী আলোচনা থেকে দেখা যায় যে, একটি মানব বসতির উন্নয়ন সাধনের জন্য প্রথমে সামগ্রীকরন জরুরি, যেখানে বিভিন্ন মানব বসতির আন্তঃসম্পর্ক গুলোকে উৎসাহিত করে বসতির নিজস্ব গুনাবলী যেমন স্থানীয় সামাজিক, পরিবেশগত ও অর্থনৈতিক ব্যাবস্থাপনা পদ্ধতিকে পরিকল্পনার মাঝে গুরুত্ব সহকারে স্থাপন করতে হবে। বিশ্বব্যাপী গৃহিত সংবেদনশীল উন্নয়ন লক্ষ্যেও (SDG) মানব বসতির উপরোল্লিখিত ভাবনাগুলোর উপস্থিতি দেখতে পাওয়া যায়। 'সংবেদনশীল উন্নয়ন লক্ষ্যে' মানব বসতি সমূহকে সর্বব্যাপী, নিরাপদ, স্থিতিশীল এবং সংবেদনশীল করার পরামর্শ দেয়া হয়েছে (লক্ষ্য-১১)। এই লক্ষ্য পূরণে ২০৩০ সালের মধ্যে জাতীয় ও আঞ্চলিক উন্নয়ন পরিকল্পনাকে সমৃদ্ধ করণের মাধ্যমে শহর, গ্রাম ও তাদের ক্রমবর্ধমান এলাকার মাঝে সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত যথার্থ সম্পর্ক গুলোকে সমর্থন করতে বলা হয়েছে (উদ্দেশ্য ১১.ক)। একই সাথে সকল দেশে অংশগ্রহনমূলক, সামগ্রিক ও সংবেদনশীল মানব বসতি পরিকল্পনা ও ব্যবস্থাপনাকে সমৃদ্ধ করার পরামর্শ দেয়া হয় এবং বসতি পরিকল্পনা ও নিয়মিত ব্যবস্থাপনায় গনতান্ত্রিক ভাবে সংশ্লিষ্ট সমাজকে সরাসরি অংশগ্রহনে উদ্বুদ্ধ করার জন্য কাঠামো প্রস্তুত করার পরামর্শ দেয়া হয়েছে (উদ্দেশ্য নং ১১.৩)। এছাড়াও দেশ ও মানব বসতির স্থায়ী, সর্বব্যাপী ও সংবেদনশীল অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য স্থানীয় জীবন যাত্রার প্রণালীকে গুরুত্ব দিয়ে সহজাত জীবিকা ব্যাবস্থাকে উৎসাহিত করণের মাধ্যমে, স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করার পরামর্শ দেয়া হয়েছে (লক্ষ্য-৮)। একই সাথে মানব বসতির স্থায়ীত্ব, জীবনধারণ ও অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য পৃথিবী পৃষ্ঠের জল ও স্থলভাগের প্রাকৃতিক সম্পদ ব্যবহারের ক্ষেত্রে বন ও জলাশয় সমূহকে সংরক্ষণ, পুনরুদ্ধার, ও পরিমিত ব্যবহারের মাধ্যমে স্থলজ ও অন্তর্দেশীয় বিশুদ্ধ জলের বাস্তুতন্ত্র ও উপোযোগীতা নিশ্চিত করার পরামর্শ দেয়া হয়েছে এবং জাতীয় ও স্থানীয় পরিকল্পনা, উন্নয়ন প্রক্রিয়া, দারিদ্র বিমোচনের কৌশল হিসেবে বাস্তুতন্ত্র এবং জীব বৈচিত্রের গুরুত্বকে অংশীভুত করার পরামর্শ দেয়া হয়েছে (লক্ষ্য-১৫)।

আবাসন ও সংবেদনশীল নগর উন্নয়নের জন্য 'নব্য নগর চিন্তন ' (New Urban Agenda) জাতিসংঘ সাধারণ পরিষদের ৬৮ তম পূর্ণাঙ্গ সভার ৭১ তম অধিবেশনে অনুমোদিত হয়; যা 'সংবেদনশীল উন্নয়ন লক্ষ্য' অনুসরণে উন্নত ও উন্নয়নশীল দেশের সংবেদনশীল ভবিষ্যতের জন্য যৌথ রূপকল্প প্রকাশ করে। এই অধিবেশনে রাষ্ট্র ও সরকার প্রধান, মন্ত্রী ও উচ্চ পর্যায়ের প্রশাসনিক প্রতিনিধিগণ একত্রিত হয় যেখানে সার্বজনীন এবং স্থানীয় সরকার, সংসদ সদস্য,

-rence on Rio de Janeiro.

From the previous discussion it is seen that in order to develop a human settlement, it is important to first make the necessary arrangements, where by encouraging human settlement networks the indigenous characteristics of a settlement like local social, environmental and economic management system, must be placed seriously in planning. The above-mentioned ideas about human settlement is found also in the worldwide Sustainable Development Goals (SDG). 'Sustainable Development Goals' advise to make human settlements universal, safe, stable and sustainable (Goal 11). By fulfilling this goal by 2030, it is said to support social, economic and environmentally sustainable relations between cities, villages and their growing areas by enriching the national and regional development plan (Aim 11 a). At the same time, it is recommended to enrich participatory, overall and sustainable human settlement plans and management in every country. And in the settlement planning and regular management, it is recommended to prepare the framework for democratic societies (Aim 11.3). Also, for permanent, inclusive and sustainable economic growth of a country and a human settlement, it's been suggested to strengthen the local economy through encouraging the inherent livelihood system (Goal 8). At the same time, it is advised to ensure ecosystem and co-operation of land and inland pure water by preserving, retrieving, and moderate use of forest and water bodies for the use of natural resources of water and surface water for sustainability, livelihood and economic growth. It is advisable to share the importance of ecosystems and biodiversity as a strategy for national and local planning, development process and poverty mitigation (Goal 15).

With the purpose of ensuring habitat and sustainable urban development the "New Urban Agenda" has been approved in the 71st session of the 68th full meeting of UN General Assembly for Housing and Sustainable Urban Development, which revealed the joint vision for the sustainable future of developed and developing

নাগরিক সমাজ, আদিবাসী ও স্থানীয় সম্প্রদায়, বেসরকারি পেশাদার, বৈজ্ঞানিক, শিক্ষাবিদ সম্প্রদায় এবং বিভিন্ন সংশ্লিষ্ট অংশীদারের উপস্থিতিতে অনুমোদিত রূপকল্প গুলি 'আবাস-৩' (HABITAT III) হিসেবে প্রকাশিত হয়েছে।

'আবাস-৩' রূপকল্পের ১০ম বিবেচনা পত্রে গ্রাম ও নগরের আন্তঃসংযোগের উপর গুরুত্ব দিয়ে কতকগুলো অভিপ্রায় ও তা অর্জনের জন্য প্রধান অনুঘটকসমূহকে চিহ্নিত করা হয়। গ্রাম ও নগরের আন্তঃসংযোগের উপাদান বিশ্লেষনের জন্য ধারনাগত ভাবে প্রথমত কতকগুলো অপরিহার্য বিষয়কে চিহ্নিত করা হয়েছে; যেমন- শহর ও গ্রামের আন্তঃসংযোগ উভয়ের ক্ষেত্রে পরিপূরক ও সামগ্রিক ভাবে মানব ও প্রাকৃতিক সম্পদ, পুঁজি, পণ্য, কর্মসংস্থান, বাস্তু-সুবিধা এবং তথ্য-প্রযুক্তির প্রবাহ নির্দেশ করে যা শহর, গ্রাম ও তাদের ক্রমবর্ধমান এলাকার মাঝে বিদ্যমান। এমনকি একটি শহর অঞ্চলের খাদ্য ব্যবস্থাও ঐ ভৌগোলিক অঞ্চলের কর্মকারক ও প্রক্রিয়াজাতকরণ এবং খাদ্য উৎপাদন, প্রক্রিয়াকরণ, বিপণন ও ভোগের মধ্যকার সম্পর্কের উপরই নির্ভর করে। এছাড়াও একটি আঞ্চলিক ভূদৃশ্য সামগ্রিক ভাবে নগর কেন্দ্র, তার পারিপার্শিক ক্রমবর্ধমান এলাকা ও গ্রামীণ পশ্চাদভূমি নির্দেশ করে যা প্রতিটি এলাকার মাঝে মানুষ, পণ্য ও বাস্তু সুবিধার প্রবাহের দ্বারা সক্রিয় থাকে এবং অনিবার্য প্রবাহকে সহযোগিতা প্রদান করার প্রক্রিয়া হিসেবে 'নগর-গ্রাম অংশীদারিত্ব' -কে চিহ্নিত করা হয়েছে। বর্তমান সময়ে নগর গুলোতে অভিবাসনের মূল কারণ হিসেবে গ্রামীণ ও শহরে এলাকার মানুষ ও তাদের বসবাসের স্থান পরিবর্তনকে চিহ্নিত করা হয়; যার পেছনে বিভিন্ন আকর্ষন ও বিকর্ষনের উপাদান কাজ করে। বিকর্ষক উপাদান গুলি অধিবাসীদের একটি এলাকা ছেড়ে চলে যাবার জন্য চাপ সৃষ্টি করে যেমন- দুর্ভিক্ষ, যুদ্ধ বা অস্থিরতা, দারিদ্র ও জলবায়ু ঘটিত বিপত্তি সমূহ এবং আকর্ষক উপাদান গুলোর প্রয়োজনে মানুষ একটি নতুন এলাকায় বসবাস করতে বাধ্য হয় যেমন- বিভিন্ন প্রকার কর্মসংস্থানে প্রবেশগম্যতা, উন্নত স্বাস্থ্য ব্যবস্থায় প্রবেশগম্যতা, শিক্ষা ও মৌলিক সেবা। তাই অভিবাসন সমস্যাকে কার্যকর তবে মোকাবেলা করার জন্যও গ্রাম ও নগরের আন্তঃসংযোগকে সঠিকভাবে বিশ্লেষন করার পরামর্শ দেয়া হয়েছে।

সুতরাং নগরায়ন প্রক্রিয়ার প্রভাব শুধুমাত্র নগরের সীমানাতেই সীমাবদ্ধ থাকেনা বরং তা প্রান্তস্থ নগর ও গ্রামের গঠনকেও নিগূঢ় ভাবে পরিবর্তন করে এবং একই সাথে ইতিবাচক ও নেতিবাচক উভয় ভাবেই অর্থনীতি, প্রবেশগম্যতা ও টেকসই উন্নয়নের উপরেও প্রভাব ফেলে। এজন্য শহর ও গ্রামকে সংবেদনশীল করতে হলে

countries following the 'Sustainable Development Goals'. In this session the heads of state and government, ministers and high level administrative representatives were united wherein the presence of different stakeholders including universal and local government, parliament member, civil society, indigenous and local communities, private professionals, scientific, academic community and the affiliated vignettes approved visions were published as HABITAT III.

In the 10th consideration of the 'HABITAT III', the significance of interconnection between village and city is identified and the main catalysts are identified for achieving it. Ideally, some essential elements are identified for analyzing the elements of interconnection between village and city. As an example- the rural-urban networking indicates the flow of human and natural resources, capital, commodity, employment, ecosystem, and information technology, both in complementary and comprehensive ways which exists in cities, villages and their growing areas. Even the food system in a city region depends on the functioning and processing of the geographical region and the relationship between food production, processing, marketing, and consumption. Also, a regional landscape indicates the city center, its haphazardly growing area, and rural backward areas, which are activated by the flow of people, goods and ecosystem facilities among each area and the 'Urban-rural partnership' is identified as the process of co-operating this inevitable flow. Presently the activity of people of the rural and urban areas and their family are identified as the main reason for migrations in urban areas and behind those activities, there are few attractive and few repulsive components. The repulsive components such as famine, war or unrest, poverty, and climate hazards cause the residents to leave an area. And people are forced to live in a new area for the needs of attractive elements, for example, access to various types of employment, access to advanced healthcare, education and basic services. Therefore, in order to properly address immigration problems, it is advisable

তাদের মধ্যে বিদ্যমান রাজনৈতিক, সামাজিক ও ভৌগলিক বিভাজনকে একটি সহযোগিতামূলক উন্নয়ন ও কর্ম সংযোগে উন্নীত করা আবশ্যক। গ্রাম ও শহরের পারস্পরিক নির্ভরতা, আন্তঃপ্রবাহ ও কর্মসংযোগ; স্থানীয় ও জাতীয় অর্থনৈতিক অনুঘটক, সমাজ-সাংস্কৃতিক সম্পর্ক ও পরিবেশগত মিথস্ক্রিয়া দ্বারা নির্দেশিত হয় যা সমগ্র মানব বসতি জুড়েই ঘটে থাকে এবং তা একটি সুনির্দিষ্ট অঞ্চলের জন্য অনস্বীকার্য বাস্তবতা। গ্রাম ও শহরের আন্তসংযোগকে উপেক্ষা করে উন্নয়ন নির্দেশিত হলে স্থানিক উন্নয়নে বৈষম্য তৈরী হয় যা ধীরে ধীরে জাতীয় উন্নয়নেও প্রভাব বিস্তার করে। তাই গ্রাম ও নগরের অবিভাজিত, সামগ্রিক ও সামঞ্জস্যপূর্ণ উন্নয়নকে এমন ভাবে বিবেচনায় আনা উচিত যেন তা কোন এলাকাকেই পশ্চাৎপদ না করে। সীমিত সম্পদ নিয়ে প্রতিযোগিতামূলক দন্দে না গিয়ে বরং এলাকা সমুহের মিথস্ক্রিয়াকে বিবেচনায় এনে স্থিতিস্থাপক, সুষম বিনিয়োগ ও বানিজ্য ব্যবস্থাপনার মাধ্যমে যৌথ লক্ষ্য অর্জন করাই অধিকতর যুক্তিসঙ্গত; যার মাধ্যমে একটি অঞ্চল জুড়ে উন্নয়ন বৈষম্য কমিয়ে আনা সম্ভব। শহর এলাকা বৃদ্ধির সাথে সাথে তা প্রান্তস্থ এলাকা গুলির কৃষি জমি, জলপথ, মৎস্য ও বন সম্পদকে নগরের অংশীভূত করে ফেলে। তাই সেসব অঞ্চলকে অবশ্যই পরিকল্পনা প্রক্রিয়ার আওতায় এনে সচেতন ভাবে নির্দেশনা প্রদান জরুরি। এজন্য পরিকল্পনা প্রক্রিয়াকে শুধু নগর সীমানার মাঝে সীমাবদ্ধ না রেখে এলাকা ভিত্তিক নিজস্ব বৈশিষ্ট্য সংরক্ষনকে প্রাধান্য দিয়ে শহর, গ্রাম ও প্রান্তস্থ এলাকা সমুহকে একটি সামগ্রিক পরিকল্পনার আওতায় আনা প্রয়োজন। গ্রাম ও নগরের সংযুক্তির মাঝেই টেকসই মানব উন্নয়নের সম্ভাবনা নিহিত রয়েছে যা সর্বব্যাপী কল্যান বয়ে আনে (বিবেচনা পত্র ১০)।

তাই গ্রাম ও নগরের বিভাজন বর্ধনকারী ও সংযোগকে উৎসাহ দানকারী যে বিদ্যমান পরিমাপক সমূহ রয়েছে সেগুলোকে চিহ্নিত করার জন্য পরিকল্পনা প্রক্রিয়ার সাথে সামাজিক, বাস্তুতান্ত্রিক ও পরিবেশগত জ্ঞানের সংশ্লিষ্টতা জরুরি। একইসাথে গ্রাম ও নগরের বিভক্তিকে কমিয়ে আনার জন্য সমন্বিত এবং পরিপূরক পদ্ধতি দ্বারা চিহ্নিত নীতিগত পদক্ষেপ গ্রহণ ও নীতিমালা প্রনয়নের মাধ্যমে পরিকল্পনা প্রক্রিয়াকে মুদ্রিত পরিকল্পনা থেকে প্রক্রিয়া ভিত্তিক মানব বসতি উন্নয়ন পরিকল্পনায় রূপান্তর প্রয়োজন।

to properly analyze the interconnection of rural and urban.

So the effect of the urbanization process is not limited to the boundaries of the city itself rather it changes the formation of urban and rural areas on the margins and at the same time it affects the economy, accessibility and sustainable development in both. positive and negative ways. Therefore, to make the city and village sustainable, the existing political, social and geographic divisions must be transformed into a collaborative development and work network. The mutual dependency, interconnection, work network between village and city are indicated by the local and national economic catalysts, socio-cultural relations and environmental interaction which takes place throughout the whole human settlement and it is an undeniable reality for a specific region. When development ignores the interconnection between village and city, then the inequity appears in the regional development which gradually influences national level. Therefore, the unbroken, overall and consistent development of the village and city should be considered in such a way that it should not send any area backward. Not being able to compete with limited resources rather considering the interaction of the area, it is more reasonable to achieve joint goals through flexible, balanced investment and trade management. By this, it is possible to reduce development discrimination across a region. With the growth of the city area, it uses to add the agricultural land, waterways, fisheries and forest resources of the marginalized areas to the city area. Therefore, it is important to bring those areas carefully under the planning process and give directions. For this reason, in spite of letting the planning process limited to the city boundaries only the overall planning of city, village and endangered area needs to be brought under a comprehensive plan where the area-based self-preservation should get prominence. There is a possibility of sustainable human development in the interconnection of rural and urban areas, which brings together all-round welfare (Consideration letter 10).

So to identity the existing measurements which encourage the division of rural and urban divisions or the connection it is important to engage in social, ecological and environmental knowledge with the planning process. At the same time, to reduce the division of village and city it is important to take the strategic steps identified by integrated and complementary methods and to convert the planning process from printed plan to process-based sustainable human settlement development plan by implementing the policy,.

## ৩.২ অবিভাজিত গ্রাম ও শহর সম্বন্ধিয় অনুচিন্তন
## 3.2 Reflections on Rural-Urban Continuum

বিভিন্ন বসতিতে মানব সমাজের শহুরে ও গ্রামীণ বৈশিষ্ট্য গুলো শুধুমাত্র শহর এলাকা অথবা শুধুমাত্র গ্রাম এলাকার মাঝে সীমাবদ্ধ না থেকে সহজাত ভাবেই তা এক বসতি থেকে অন্য বসতিতে ছড়িয়ে পড়ে; এই বৈশিষ্ট্যকে ব্যাখ্যা করার জন্যই 'অবিভাজিত গ্রাম-নগর' ভাবনার উৎপত্তি। 'গ্রাম-নগর দ্বিবিভাজন' ধারনার প্রতিক্রিয়া হিসেবে 'অবিভাজিত গ্রাম-নগর' ধারনাটির প্রবর্তন হয় ১৯৪৭ সালে রবার্ট রেডফিল্ড এর সমাজ বিজ্ঞান ও বসতি-ভূগোল ধর্মী গবেষণায়। 'গ্রাম-নগর বিভাজন' ধারনাটি বলার চেষ্টা করে যে, একটি বসতিতে অবশ্যই কিছু ভৌত ও সামাজিক বৈশিষ্ট্য রয়েছে যা পুরোপুরি গ্রামীণ এবং একই সাথে পুরোপুরি শহুরে। কিন্তু 'অবিভাজিত গ্রাম-নগর' ভাবনার প্রসারকরা বলতে চায়, গ্রাম ও শহরের বৈশিষ্ট্যের পার্থক্যের মাত্রা বা পরিমাণ বোঝার জন্য  স্পষ্ট কোন বিভাজনকারী দাগ নেই; বরং তাদের অনেকগুলি বৈশিষ্ট্যের মধ্যে রয়েছে সাদৃশ্য (রেডফিল্ড,সিঙ্গার, ১৯৫৪)। মানব সমাজের এই বৈশিষ্ট্য গুলি একদিকে শহরের সুযোগ-সুবিধার সংশ্লিষ্টতা ও নিকটবর্তীতার জন্য শহুরে বৈশিষ্ট্য বজায় থাকে আবার জীবনযাত্রার সাথে জড়িয়ে থাকা গ্রামীন নির্ভরতা গুলোকেও তারা অস্বীকার করতে পারেনা যার ফলাফল বর্তমানের অপরিকল্পিত বৃদ্ধি। একদিকে গ্রামাঞ্চলের জীবন ব্যবস্থা শুরু হয় সমশ্রেনীভুক্ত, আন্তরিকতাপূর্ণ পারস্পরিক যোগাযোগ ও সংহতি সম্পন্ন সমাজের সাথে; যা ভৌগলিক ভাবে বিচ্ছিন্ন ও আয়তনে ছোট বসতি হিসেবে স্থাপিত হয় এবং ধীর গতিতে পরিবর্তীত হয় (রেডফিল্ড,সিঙ্গার, ১৯৫৪)। শহুরে সমাজ গ্রামীন

In many settlements, the urban and rural characteristics of human society are not only limited to the urban areas or the rural areas but it inherently spreads from one settlement to another; to explain this feature the idea of "rural-urban continuum" has been invented. As a reaction to the "rural-urban deviation" concept, the idea of "rural-urban continuum" was introduced in 1947 in Robert Redfield's social science and settlement-geography religious studies. The idea of "rural-urban deviation" tries to say that there is certainly some physical and social features in a settlement which is totally rural and at the same time fully urban. But the expansionist of the idea of "rural-urban continuum" wants to say, there is no clear cut divider to understand the dimensions of the differences in the characteristics of villages and cities; rather there are similarities in their lot of features (Redfield, Singer, 1954). These features of human society, on one hand, have urban characteristics for the relation and nearness of the city and they can not deny their rural dependence related to their living pattern which ultimately results in unplanned growth. The living pattern in rural areas begins with the society with synchronization, high-level interaction, and solidarity; which is geographically isolated and small

সমাজের ঠিক বিপরীতধর্মী গুণাবলী ধারণ করে। কারণ স্বতন্ত্র বৈশিষ্ট্য সম্পন্ন শহরগুলো আয়তনে বড়, অধিক ঘন ও বৈচিত্র্যময় এবং শহরে বসতিগুলো ক্ষণস্থায়ী, অগোছালো, বিশেষত্বহীন এবং নিয়মনিষ্ঠ সাম্প্রদায়ীক সম্পর্কের ধারক (ওয়ার্থ, ১৯৩৮)।

যখন শহর ও গ্রামের বাসিন্দারা শহর ও গ্রামের বৈশিষ্ট্যগত ভিন্নতাকে জীবনযাত্রার মানোন্নয়নের বিকল্প কৌশল হিসেবে ব্যবহার করে তখন উন্নয়নশীল দেশ গুলোতে একটি দীর্ঘমেয়াদী ও অপরিকল্পিত নগরায়ন প্রক্রিয়া চলতে থাকে যা শহরে, গ্রামীণ অথবা অবিভাজিত স্থানে বসবাসকারী পরিবার গুলোর জন্য একইসাথে অতিরিক্ত সুযোগ এবং হুমকি বয়ে আনে। অভিবাসনের ফলে জনসংখ্যা কাঠামোর স্থানান্তর, দ্রুত শহরে প্রকৃতির বর্ধন অথবা ভৌত সম্প্রসারণকেই সচরাচর নগরায়ন হিসেবে ধারণা করা হয়; কিন্তু গ্রামীণ এলাকায় শহরের প্রভাব বিস্তারকেও নগরায়ন মনে করা হয়ে থাকে (লিঞ্চ, ২০০৪)। দ্বিতীয় ধারনাটি থেকে বোঝা যায় যে, নগরায়ন শুধু মাত্র গ্রামের টুকরো টুকরো অংশকে ভৌত স্থাপনার দ্বারাই শহরে পরিবর্তন করেনা বরং শহরে কর্মকান্ডের সম্প্রসারণ দ্বারা গ্রামকে প্রভাবিত করার পাশাপাশি গ্রামীন কর্মকান্ডকে শহরে চাহিদা পূরণে ব্যবহার করার জন্যও প্রভাবিত করে থাকে। গ্রামীণ এলাকায় শহরে প্রভাব বিস্তারের প্রধান ফলাফল হচ্ছে সময়ের সাথে বিভিন্ন প্রভাবকের কারণে গ্রাম ও নগরের সম্পর্কেরও পরিবর্তন; যা বিভিন্ন কাঠামোগত সমন্বয় ও শহরকেন্দ্রিক নীতিমালায় পরিলক্ষিত হয় (লিঞ্চ, ২০০৪)।

সময়ের সাথে 'অবিভাজিত গ্রাম-নগর' কে বিশ্লেষণ করার জন্য বিভিন্ন রকম ছাঁচ তৈরী হয়েছে। ম্যাক গি ১৯৯১ সালে 'ডেসাকোটা' (ডেসা - গ্রাম; কোটা - শহর) নামে বর্ধিত শহরে এলাকার একটি এশিয়া মহাদেশীয় সংস্করণ প্রবর্তন করে। শহর ও গ্রামের এই সমন্বিত ছাঁচটি মূলত একটি শহরে মিশ্রিত এলাকা যা ঘনবসতিপূর্ণ এবং শহর দ্বারা প্রভাবিত গ্রামীণ পশ্চাদভূমি। এই পশ্চাদভূমির শহরে অর্থনীতির সঙ্গে ঘনিষ্ঠ আন্তঃসংযোগ লক্ষ্য করা যায়। এই ছাঁচের মাধ্যমে ম্যাক গি 'ডেসাকোটা'-র ক্রমবিকাশের প্রক্রিয়াও ব্যাখ্যা করে। এই তত্ত্বের মূল আকর্ষণীয় উপাদানটি হল শহরে ও গ্রামীন এই দুই বৈশিষ্ট্যের মধ্যে যে উদ্দেশ্যহীন পার্থক্য দেখানো হয় তার চেয়ে তাদের মাঝে বিদ্যমান আন্তঃসংযোগ গুলো অনেক বেশি গুরুত্বপূর্ণ (লিঞ্চ, ২০০৪)। 'ডেসাকোটা' একটি উচ্চ ঘন বসতিপূর্ণ এলাকা যা কৃষিজাত ও অ-কৃষিজাত কর্মকান্ডের তীব্র মিশ্রণ নিয়ে প্রায়শই দুটি

and uses to be converted at a slow pace (Redfield, Singer, 1954). The urban society is completely opposite to the rural society. Because, the distinctive cities are big in size, more dense and diverse and the urban settlements are temporary, messy, diverse and consist of formal communal relations (Worth, 1938).

When the residents of the city and village use the specific characteristics of the city and villages as the alternative means of living standard, at that moment a long-term and unplanned urbanization process continues in developing countries which at the same time brings both opportunities and threats for the families living in urban, rural or undevided areas. Due to migration, shift of population structure, rapid urban expansion or physical expansion are generally considered as the process of urbanization. But the urban influence in rural areas is also considered as the urbanization (Lynch, 2004). From the second concept, it is understood that urbanization not only transforms the rural areas into urban with physical infrastructure, but also it forces the rural areas to supply it's assets to meet the demands of urban areas. The main result of urban impact on rural areas is the changes in the interrelation between rural and urban areas which has been evident in various structural coordination and urban oriented policies (Lynch, 2004).

Over time, different molds have been developed to analyze ' rural-urban continuum'. In 1991, Mac Gi introduced Desakota (Desa – rural, kota - urban), an Asian continental version of this extended urban area. This composite mold of city and village is basically an urban mixed area that is densely populated and rural backside affected by the city. There is an intimate linkage of this backside area with the urban economy. Through this mold, McGi has explained the process of evolution of 'Desakota'. The main interesting element of this theory is that the interconnections between two urban and rural characteristics are much more important than the difference between them (Lynch,2004).

বড় শহরের মধ্যবর্তী স্থান সমূহে বিকশিত হতে থাকে। ম্যাক গি তার ছাঁচে ডেসাকোটা-র ছয়টি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য ব্যাখ্যা করে; (১) স্বল্প কৃষিকাজের উপর নির্ভরশীল বৃহৎ জনসংখ্যা; (২) অ-কৃষিজাত কর্মকান্ডের বৃদ্ধি; (৩) জনসংখ্যার অস্থায়িত্ব ও উচ্চমাত্রার গতিশীলতা; (৪) মিশ্রিত ভূমি ব্যবহার, কৃষি, কুটিরশিল্প, শহরতলীয় উন্নয়ন; (৫) শ্রম শক্তি হিসেবে নারী অংশগ্রহণ বৃদ্ধি এবং (৬) 'ধূসর অঞ্চল', যেখানে অবৈধ ও বিধিবহির্ভুত কর্মকান্ড পুঞ্জিভূত হয় (কাদির, ১৯৯৯)। সুতরাং 'অবিভাজিত গ্রাম-নগর' ধারণার 'ডেসাকোটা' ছাঁচ থেকে এটিই প্রতীয়মান হয় যে, নগরায়ন একটি অনিবার্য ঘটনা যা শুধুমাত্র অঞ্চল ভেদে ভিন্ন গতিতে হতে পারে।

'Desakota' is a highly densely populated area that frequently develops between two large cities, with the intense mix of agricultural and non-agricultural activities. MacGee explains six important features of Descocata in his mold; (1) large population dependent on low farming; (2) increasing non-agricultural activities; (3) instability and high dynamism in population; (4) mixed land use, agriculture, cottage industries, suburban development; (5) increasing participation of women as labor force and (6) 'gray area', where illegal activities are accumulated (Qadir, 1999). Thus, it appears from the 'Desakota' mold of the concept of 'rural-urban area that urbanization is an inevitable event which can differ according to different speeds.

কিন্তু এটি সবসময়ই শহর ও গ্রামের মাঝে পার্থক্য তৈরী করে থাকে; একটা দীর্ঘ সময় পরে গ্রাম ও শহরের ক্রমবিকাশের মাত্রা হয়ত একই সমান হয়ে আসে কিন্তু প্রক্রিয়ার ভিন্নতার কারনে প্রতিটি এলাকা হারায় তার নিজস্ব স্বকীয়তা। তবে এধরণের প্রবৃদ্ধিকে 'এক্সারবিয়া' ( ইংরেজী এক্সারব - বহিঃস্থ; ইংরেজী আরবিয়া - ঘন বসতি পূর্ণ শহর) নামেও আখ্যায়িত করতে দেখা যায়; যা মহানগরের প্রান্তস্থ এলাকা ছোট ও মিশ্রিত সম্প্রদায়ের বসতিকে নির্দেশ করে। 'এক্সারবিয়া'র বিবরণে সেখানে গ্রামীন বাড়ি, আবাসনের জন্য নির্ধারিত স্থান এবং শিল্প স্থাপনাকেও কৃষিজমি ও বনাঞ্চলে ছড়িয়ে পড়তে দেখা যায় (কাদির, ১৯৯৯); যা শহরে প্রয়োজনীয়তার প্রবৃদ্ধির ফলাফলকে তুলে ধরে। এছাড়াও 'রারবান' (গ্রাম্য-শহরে) পরিভাষাটিকেও প্রায়শই একটি শহরে এলাকার গ্রামীণ অংশকে বর্ণনা করার জন্য ব্যবহার হয়ে থাকে; গ্যাপ্লিন ১৯২২ সালে শহর ও গ্রামের মিলিত স্থানকে পূনর্ব্যাখ্যা দেয়ার জন্য এটিকে নামাঙ্কিত করেছিল। কিন্তু রারবান বাস্তবে কোন বসতি বা এলাকাকে নির্দেশ করেনা বরং তা একটি প্রক্রিয়ার ব্যাখ্যা দেয়। একদিকে শহরের মাঝেও যেমন 'রারবান' উপাদানকে খুঁজে পাওয়া যায় তেমনি গ্রামীন বসতিতেও তা পাওয়া যায়। শহরের মাঝে কৃষিকাজ অথবা হাস-মুরগী খামার এবং গ্রামের মাঝে কলকারখানার উদাহরণ গুলো তার অস্তিত্ব বহন করে। আবার 'পেরি-আরবান' (প্রান্তস্থ শহরে) পরিভাষাটিও শহরের প্রান্তস্থ এলাকার অবৈধ ও অস্বাস্থ্যকর বসতিকে নির্দেশ করার জন্য ব্যবহৃত হয়ে থাকে; যা স্বল্প আয়ের কর্মকান্ড গুলির শহরে বহির্প্রকাশকে চিহ্নিত করে। তবে ধীরে ধীরে 'পেরি-আরবান' পরিভাষাটি শহরের জনসংখ্যা স্থানান্তর অঞ্চলকে চিহ্নিত করার জন্য ব্যবহৃত হতে থাকে (কাদির, ১৯৯৯)।

But it always makes a distinction between the city and the village. After a long time, the level of evolution of the rural and urban area may be the same, but due to the variation of the process, each area loses its own individuality. But such growth is seen to be named 'Exurbia' (Exurb – External; Arbia – City with high population density). Which refers to the small and mixed community of the area in the outskirts of the city. In the description of 'Exurbia', there is a rural house, a place for residential accommodation and industrial infrastructure, which is also spread in agricultural and forestry areas (Qadir, 1999). It shows the results of the growth of urban requirements. Also, the term 'Rurban' is often used to describe the rural part of an urban area. Glapin used this name in 1922 for re-describing the combined space of rural and urban area. But the Rurban doesn't explain any particular settlement or area, rather it describes a process. The 'Rurban' ingredients are found in the city as well as in rural settlements. The activities of farming and poultry farm in urban area and industry in the village area are the example of Rurban. Again, the term 'peri-urban' is used to refer to the illegal and unhealthy habitat of the marginal area of a city, which reflects the activities of low-income cities. But gradually the term 'Peri-Urban' has been used to identify the city's population transfer zone (Qadir, 1999).

এখন ক্রমবিকাশের ভাবনাটিকে যদি গ্রামীণ ক্ষেত্রে দেখা হয়, এশিয়ার অন্যান্য দেশের মত বাংলাদেশেও গ্রামীণ বসতি গুলোরও কিন্তু রয়েছে নিজস্ব প্রবৃদ্ধি। অনেক বেশি সংখ্যক গ্রামীণ অঞ্চল হাজার হাজার বর্গ কিলোমিটার জুড়ে বিস্তৃত হয়েছে; যেগুলোর জনসংখ্যার ঘনত্ব বিভিন্ন পশ্চিমা মহানগর গুলির সাথেও তুলনা যোগ্য (কাদির, ১৯৯৯)। এসকল কৃষি ভিত্তিক, দারিদ্র পীড়িত অঞ্চলে জনসংখ্যার ঘনত্ব একদিকে যেমন যৌথ সুবিধা ও সেবার প্রয়োজন তৈরী করছে তেমনি অপরদিকে বসবাসের জন্য ভূমির উপোযোগিতার উপরও চাপ সৃষ্টি করছে। এধরণের বসতি বিন্যাসের কারণে এই অঞ্চল গুলির ক্ষেত্রে আর 'গ্রামীন' পরিভাষাটি ব্যবহার করা যায় না। এই অঞ্চলগুলিকে যেমন 'গ্রাম' বলা সম্ভব হচ্ছেনা, তেমনি আবার শহরও বলা যাচ্ছেনা; এমতাবস্থায় আংশিক অস্বাভাবিক এই অঞ্চল গুলিকে নামকরণ করা হয় 'রুরালোপলিস' হিসেবে (ল্যাটিন ও ইংরেজী রুরাল - গ্রামীন, গ্রীক পলিস- শহর) (কাদির, ১৯৯৯)। 'রুরালোপলিস' গ্রামীণ অর্থনৈতিক ও সামাজিক ব্যবস্থার মাঝে মহানগরীয় স্থান বিন্যাসের সংমিশ্রণকে আরও গুরুত্ব দিয়ে ব্যাখ্যা করে। কাদির 'রুরালোপলিস' এর ছাঁচে অঞ্চল গুলির গুরুত্বপূর্ণ পাঁচটি বৈশিষ্ট্য ব্যাখ্যা করে; যেমন- (১) উচ্চ ঘনত্ব বিশিষ্ট জনবসতি; (২) বিস্তৃত গমণপথ অথবা বসতভিটা গুচ্ছ; (৩) কৃষিজমি ও বনাঞ্চলে ছড়িয়ে পড়া গ্রাম, ছোট ছোট জমির উপর বসত-ভিটা ও জমির উপর বর্ধিত চাপ; (৪) কৃষিভিত্তিক অর্থনৈতিক ব্যবস্থা; এবং (৫) সামাজিক সুবিধা ও নাগরিক সেবার অত্যাধিক প্রয়োজনীয়তা (কাদির, ১৯৯৯)। রুরালোপলিস আরও একটি বৈশিষ্ট্য প্রকাশ করে যা গভীর ভাবে ভাবনার প্রয়োজন রয়েছে। কাদির রুরালোপলিসের বর্ণনায় এটা উল্লেখ করেছে যে, রুরালোপলিসের অর্থনৈতিক ভিত্তি যদি কোনভাবে মহানগরের অর্থনৈতিক কর্মকান্ডের দ্বারা প্রভাবিত হওয়া শুরু করে তবে তা ক্রমান্বয়ে ডেসাকোটায় রূপান্তরিত হতে পারে। এই অঞ্চল গুলোতে জনসংখ্যার বৃদ্ধির কারণে যে ক্রমবিকাশ চলছে, সেখানে বিভিন্ন সেবা ও সুবিধার প্রয়োজনীয়তা যে গতিতে তৈরী হচ্ছে এবং অপরিকল্পিত ভাবে তার গ্রামীণ পরিবেশের যে গতিতে বিপর্যয় ঘটছে তা ইঙ্গিত করে যে, এই অঞ্চল গুলি খুব দ্রুত বিভিন্ন স্থানীক ও অবকাঠামোগত সমস্যা পীড়িত শহরে পরিণত হতে চলেছে।

Now, if the idea of evolution is observed in rural areas, like other countries in Asia, rural settlements in Bangladesh also have their own growth. A large number of rural areas have spread over thousands of square kilometers whose population density is comparable to that of other western metropolitan cities (Qadir, 1999). In these agro-based, poverty-stricken areas, population density, on the one hand, is creating the need for joint facilities and services, while on the other hand, it brings pressure on land subsidies for the living. Due to this type of settlement, these regions are no more capable of adopting the terms 'rural'. These areas can neither be called as ' villages', nor can be addressed as cities. In this situation, the partially irregular areas are named as 'Ruralopolis' (Latin and English Rural - countryfied, Greek Polish-city) (Qadir, 1999). 'Ruralopolis' explains the amalgamation of metropolitan spaces formation with more importance in rural economic and social systems. Qadir has explained the five important features of the regions in the form of 'Ruralopolis'; (1) high-density populations; (2) a wide range of routes or settlements; 3) villages spread over agricultural land and forest, houses on small lands, extra pressure on lands; 4) agro-based economy; 5) high demand for social benefits and civil facilities (Qadir, 1999). Ruralopolis reveals another feature that needs deep thinking. In the narration of 'Ruralopolis', Qadir mentioned that if the financial basis of the 'Ruralopolis' starts to be influenced by the economic activity of the metropolis, it can gradually be transformed into 'Desakota'. The evolutions that are underway due to the increase in population in these regions, in the speed the demand of services and facilities are appearing and that fast the inversion are taking place into the rural environment, indicate the upcoming spatial and infrastructural problems the cities are going to face.

সর্বোপরি উপোরোল্লিখিত প্রতিটি গবেষনার শহর ভিত্তিক পরিভাষা গুলি (ডেসাকোটা, এক্সারবিয়া, রারবান ও পেরি-আরবান) প্রকৃতপক্ষে গ্রাম ও নগরের আন্তঃসম্পর্কের স্বাক্ষ্য বহন করে। বাংলাদেশের নগরায়ন যেখানে বহুদিন থেকেই বহিঃস্থ রাজনীতি দ্বারা প্রভাবিত এবং সহজাত ও ঐতিহ্যগত সমাজ ব্যবস্থা অনেক আগে থেকেই প্রভাবিত  সেখানে শহরের ক্রমবর্ধমান এলাকা গুলির সমস্যা গুলোকে উপেক্ষা করার কোন সুযোগ নেই। কারণ এই ক্রমবিকাশ প্রতিনিয়তই কিছু না কিছু দেশজ বৈশিষ্ট্য ধ্বংস করছে এবং বাঙ্গালী জাতীর মূল সামাজিক বৈশিষ্ট্য ও বন্ধনকে বিশ্বায়নের নতুন মোড়ক দিয়ে ঢেকে দিচ্ছে। এছাড়াও গ্রাম গুলিতে তাদের নিজস্ব প্রয়োজনে যে ধরনের নগরায়ন হচ্ছে (রুরালোপলিস) তাতে জাতীয় উন্নয়ন ভাবানার জন্য গ্রাম

In addition, the city-based terminology (Desakota, Exurbia, Rurban & Peri-urban) of each of the above-mentioned studies actually witnesses the inter-relation between village and city. There is no scope to ignore the problems of the growing areas of the city where urbanization of Bangladesh has long been influenced by external politics and inherent and traditional social system has long been affected too. Because this evolution is constantly destroying some indigenous characteristics and covering the basic social characteristics and relationships of the Bengali people with a new envelop of globalization. Apart from this, the way urbanization istaking place into the village (Ruralopolis) according to their need,  there is no scope to ignore the rural areas in the development plan at the national level. So bringing the rural and urban areas in the

ব্যতিরেকে শুধুমাত্র শহরের দিকে তাকানোরও কোন সুযোগ নেই। তাই আন্তসম্পর্ক গুলিকে গুরুত্ব দিয়ে গ্রাম ও নগরকে একই প্রক্রিয়ার মধ্যে এনে সমন্বিত ভাবে অবিভাজিত গ্রাম-নগর ভাবনাকেই বর্তমান সময়ে বাংলাদেশের পরিবেশগত, সামাজিক ও অর্থনৈতিক উন্নতির সময়োপযোগী ভাবনা হিসেবে যুক্তিযুক্ত বলে মনে হয়।

same process with the importance of their inter-relationships, the rural-urban continuum can be the reasonable timely solution for the environmental, social and economic development of Bangladesh.

## ৩.৩ ক্রমবর্ধমান গ্রাম ও শহরের প্রাসঙ্গিক অনুঘটকসমূহ
## 3.3 Contextual Dynamics of Rural-Urban Continuum

বাংলাদেশে অর্থনৈতিক প্রবৃদ্ধি, বিশ্বায়ন ও বিভিন্ন সময়ে গৃহীত নগর মুখী উন্নয়নের প্রভাবে শহর গুলি ক্রমাগতভাবে বর্ধনশীল হতে থাকে। প্রাক্কলন অনুযায়ী বর্তমানে ৪ কোটি মানুষ শহরে বসবাস করে এবং ২০২১ সালের মধ্যে মূল জনসংখ্যার এক-তৃতীয়াংশই শহরে বসবাস করবে। শহরের এই বিপুল জনসংখ্যার মূল কারণ অভিবাসন; যা গ্রাম ও স্বল্পোন্নত নগরের জীবনযাত্রার মান-উন্নয়ন, নাগরিক সেবা ও সুবিধার প্রয়োজনের ফলাফল। জন-সমাগমের ফলে শহরের ভৌত প্রবৃদ্ধির সাথে বর্ধিত জনগনের দৈনন্দিন প্রয়োজনের বৃদ্ধিতে শহরে কর্মকান্ড সমূহ শুধু শহর সীমার মাঝেই বিদ্যমান থাকেনা বরং তা উক্ত শহরের পার্শ্ববর্তী গ্রামীণ পশ্চাদভূমিতেও ছড়িয়ে পড়ে। এই ছড়িয়ে পড়ার কারনে গ্রামীণ এলাকাতেও শহুরে কর্মকান্ড দেখা যায়। এছাড়াও শহরে বসবাসকারী জনগণ শহুরে অর্থনৈতিক ব্যবস্থার সাথে খাপ খাইয়ে জীবনধারনের উপায় বের করার জন্য তাদের ফেলে আসা গ্রামীণ সম্পর্ক ও সম্পদের উপর নির্ভরতা গুলোকে ব্যবহার করে থাকে। এই সকল প্রয়োজন ও সম্পর্কের সাথে জড়িত ফলাফল গুলিকে শুধু মাত্র শহর এলাকাতেই পাওয়া যায়না একই সাথে তা গ্রামীণ প্রবৃদ্ধির সাথেও জড়িত এবং একে অপরের পরিপূরক; যা অতীতে গৃহীত নগরমুখী উন্নয়ন ভাবনা গুলোতে অনুপস্থিত ছিল। কিন্তু বর্তমান সরকার উপজেলা পরিকল্পনার মাধ্যমে উন্নয়ন ও নাগরিক সেবাকে সামগ্রীককরণ ও বিকেন্দ্রীকরণের যে উদ্যোগ হাতে নিয়েছে তা শহর ও গ্রামের আন্তঃসংযোগ গুলোকে আরও সমৃদ্ধ করবে যার ফলে অভিবাসন সমস্যাকে হ্রাস করা সম্ভব। এই উদ্যোগকে বাস্তবায়ন করার জন্য গ্রাম ও নগরের মিথস্ক্রিয়াকে উপলব্ধি করা অত্যন্ত জরুরি।

The economic growth in Bangladesh, globalization, and city-based development of various times have led to the continuous growth of cities. Presently 40 million people live in cities and by 2021 one-third of the total population will do so. The main reason for this huge population of the city is migration. Which is the result of growing need of rural and underprivileged city people for the quality of living, citizen services and facilities. Due to growing mean of public gathering, both of the number of infrastructure and need of the citizens are rising at a high rate. It ultimately increases the urban activities which sometimes are not limited into the city area, rather they extend into rural backyard. Also, city people are dependent on the rural relationships and resources they have left behind to find ways of livelihood in the urban economic system. The consequences of these dependences and relationships do exist not only in the city area but also are related to rural growth and are complementary to each other. This consideration was absent in the earlier city-oriented development ideas. But the present government has initiated decentralization process of development and citizen services through the upazila planning, which aims to enrich the interconnections of the rural and urban and to reduce the migration problem. It is very important to realize the interaction between rural and urban in order to sustain this initiative.

পূর্ববর্তী গ্রাম ও নগরের আন্তঃসম্পর্ক সংক্রান্ত গবেষণা গুলো বৃহত্তর প্রেক্ষাপটে গ্রাম ও শহরের মিথস্ক্রিয়া গুলোকে তুলে ধরেছে; যা মিথস্ক্রিয়ার মূল কারণ ও ফলাফল গুলোকেও গুরুত্বপূর্ণ করে তোলে

Previous researches on the inter-relation between the rural and the urban have discussed the interaction of village and city in a broader context. They have also

এবং উন্নয়ন প্রসঙ্গের সাথে তার সংশ্লিষ্টতাও ব্যাখ্যা করে। একই সাথে, ধারণা গুলি শহর ও গ্রামের সীমানা নির্ধারনকারী সিদ্ধান্ত গুলোকে প্রশ্নবিদ্ধ করে এবং তাদের বিভাজনের সমস্যা গুলোকে চিহ্নিত করে; যা বিশেষ করে দ্রুত বর্ধনশীল শহর সম্বলিত দেশ গুলির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। গ্রাম ও শহরের আন্তঃসম্পর্কের মূলে রয়েছে মানুষের প্রবাহ, খাদ্যের প্রবাহ, প্রাকৃতিক প্রবাহ, অর্থের প্রবাহ এবং ধারণার প্রবাহ (চিত্র)। চিত্রে প্রবাহ গুলি দ্বিমাত্রিক ভাবে দৃশ্যমান হলেও প্রতিটি প্রবাহ এক একটি জটিল প্রণালীর অংশ। এছাড়াও এই চিত্রে গ্রাম ও নগরের মধ্যবর্তী অংশের যৌক্তিক ভাবে বিদ্যমান অন্যান্য বসতিগুলোর উপস্থিতি ও তাদের প্রভাব গুলিকে উপেক্ষা করা হয়েছে। গ্রাম ও শহরের মানুষ, খাদ্য ও প্রকৃতির প্রবাহ গুলো খুব সহজে দৃশ্যমান; কিন্তু অর্থ ও ধারনার প্রবাহ তুলনামূলক কম দৃশ্যমান এবং তাদের সাথে জড়িত বিতরন সেবার উপর নির্ভরশীল। গ্রাম ও শহরের সম্পর্ক গুলির উপর জাতীয় পর্যায়ের যেমন প্রভাব রয়েছে; তেমনি আন্তর্জাতিক সংযোগ এবং বিশ্বায়নের কেন্দ্রীকরণ ও বি-কেন্দ্রিকরণের টানাপোড়নের প্রভাবও এর উপর বিদ্যমান (লিঞ্চ, ২০০৪)। প্রথমত যখন বহিরাগত বিশ্ব শক্তির প্রতিকূলতা বিদেশী বিনিয়োগকে অসম্ভব করে তোলে তখন শিল্পায়নে বিনিয়োগকেই পুঁজি উৎপাদনের একমাত্র সম্ভাবনা হিসেবে দৃশ্যমান করে। যে শিল্পায়ন গ্রামীণ কৃষিভিত্তিক উৎপাদনের উদ্বৃত্ত অংশকে নিষ্কাশন করে এবং তখন জাতীয় নীতিতে শহরে পক্ষপাতিত্ব দেখা যায়। একই সাথে রাষ্ট্র গ্রাম ও নগরের সকল পণ্য এবং মূলধন প্রবাহের মাঝে মধ্যস্ততা করে কিন্তু প্রাকৃতিক, পারিবারিক ও সামাজিক অস্তিত্ব ও উপোযোগীতাকে অবমূল্যায়ন করে; যার ফলাফল উন্নয়ন বৈষম্য (লিঞ্চ, ২০০৪)।

explained both of the reason and result of interaction and their relevance with the development issue. At the same time, they have questioned the decisions of setting boundary of the city and the village and have identified the problems caused by the division; which is particularly important for countries with fast-growing cities. The inter-relation between rural and urban area is mainly concerned about the flow of people, the flow of food, natural flow, the flow of money and the flow of idea. Though in the image the flows have been shown with a two-dimensional diagram each flow is part of a complex process. Moreover, the presence of other settlements situated in somewhere in between village and city and their logical impact have been ignored in the diagram. The flow of people, food, and nature are visible. But the flow of economy and idea is comparatively less visible and dependent on the delivery services related to them. Along with the national level, the international interconnections and the tension among the centralization and decentralization of globalization have an impact on the inter-relation between village and city (Lynch, 2004). First, when the disadvantages of external world power make foreign investment impossible, then the investment in industrialization is visible as the only possibility of capital accumulation.




গ্রাম ও নগরের মিথস্ক্রিয়া; কেনিথ লিঞ্চ, ২০০৪
Rural-Urban Interaction; Kenneth Lynch, 2004

বৈষম্য যুক্ত উন্নয়নকে আপাত দৃষ্টে উন্নয়ন মনে হলেও তা ভবিষ্যতে অনেক বেশি মাত্রায় সামাজিক ও প্রাতিবেশিক এবং ততসঙ্গে অর্থনৈতিক দূর্যোগও বয়ে আনে। একটি ব্যক্তি বা পরিবারের অবস্থান সেটা শহর বা গ্রাম যেখানেই হোক না কেন, জীবিকা নির্বাহকারী সম্পদ ও সম্ভাবনা তার নিজস্ব ভৌগলিক অবস্থানেই নিহিত থাকে।

তাই বিভিন্ন স্তর ও অবস্থানে বসবাসকারী মানুষের সম্পর্ক এবং প্রকৃতির সাথে তাদের মিথস্ক্রিয়াই মূলত উন্নয়নের প্রেক্ষাপট তৈরী করে; যার কেন্দ্র হচ্ছে গ্রাম ও নগরের আন্তঃসম্পর্ক; যে সম্পর্ক সংশ্লেষনের মাধ্যমে বিভিন্ন বসতিতে অবস্থানকারী ব্যক্তি ও সমাজকে উন্নয়ন কর্মকান্ডের সাথে সংযোজিত করে (লিঞ্চ, ২০০৪)। কিন্তু এই আন্তঃসম্পর্ক সময় ও অবস্থানভেদে বিভিন্ন নিয়ামকের প্রভাবে প্রতিনিয়ত পরিবর্তন হচ্ছে। তাই বৈষম্যহীন উন্নয়ন প্রসঙ্গে গ্রাম ও নগরের আন্তঃসম্পর্ক গুলোকে সংবেদনশীল ভাবে গুরুত্ব দিয়ে 'অবিভাজিত গ্রাম-নগর' প্রতিষ্ঠার মাধ্যমে জাতীয় উন্নয়নকে প্রকৃত সংবেদনশীল রূপদান করা সম্ভব।

That industrialization extracts the surplus portion of agricultural production of rural areas. The state mediates between all the products and capital flows of both rural and urban areas. But it devaluates the natural, family and social existence and well-being, which ultimately results in unequal development (Lynch, 2004). Though apparently, this unequal development may appear as development, at the end of the day it brings greater social and emotional and economic disasters. No matter a person or a family live in rural or urban area, the assets and prospects of livelihood are embedded in their geographical origin.

So, relationships between people living in different stages and positions and their interactions with nature basically create the background of development. This relationship correlates the individuals and communities in different settlements with the development activities through synthesis (Lynch, 2004). But this inter-relation is constantly changing due to the influence of different controllers of different time and place. So for the sake of development without discrimination, it is necessary to address the 'rural-urban continuum' sensibly. Eventually, in this way, it will be possible to ensure sustainability in national development.

৪র্থ অধ্যায়
Chapter Four

# স্থানীয় ও আর্ন্তজাতিক ক্ষেত্র থেকে শিক্ষণীয় বিষয়সমূহ
# Learning from the International and Local Areas

# ৪ স্থানীয় ও আন্তর্জাতিক ক্ষেত্র থেকে শিক্ষণীয় বিষয়সমূহ


৪.১ স্থানীয় ও আন্তর্জাতিক গবেষনা এলাকা ৪৬

৪.২ পদ্ধতি ও বিশ্লেষণাত্মক কাঠামো ৪৬

৪.৩ স্থানীয় উদাহরনঃ ফরিদপুর সদর উপজেলা, ফরিদপুর, বাংলাদেশ ৫৪

- ৪.৩.১ উন্নয়নের সাধারন কারনসমূহ
- ৪.৩.২ ফরিদপুর সদর উপজেলা থেকে প্রাপ্ত তথ্য
- ৪.৩.৩ কুমার নদের পার্শ্ববর্তী বসতির উন্নয়ন প্রক্রিয়া
- ৪.৩.৪ ফরিদপুর সদর উপজেলার বিবেচ্য বিষয়সমূহ
  - ৪.৩.৪.১ পরিবেশগত আলোচ্য বিষয়সমূহ
  - ৪.৩.৪.২ সাংস্কৃতিক আলোচ্য বিষয়সমূহ
  - ৪.৩.৪.৩ অর্থনৈতিক আলোচ্য বিষয়সমূহ

৪.৪ আন্তর্জাতিক উদাহরনঃ ব্যাং ক্রি, সামুতপ্রাকান, থাইল্যান্ড ৬৭

- ৪.৪.১ ব্যাং ক্রি ইয়াই থেকে প্রাপ্ত তথ্য
- ৪.৪.২ নদী ভিত্তিক পরিকল্পনা এবং সংলগ্ন অবকাঠামো ও স্থান বিন্যাস
- ৪.৪.৩ নদী ভিত্তিক পরিকল্পনা এবং সংলগ্ন অবকাঠামো ও স্থান বিন্যাসের মানচিত্র
- ৪.৪.৪ মানুষ ও নদীর মিথস্ক্রিয়ায় সহজাত জীবিকা ব্যবস্থা বিন্যাসের মানচিত্র
- ৪.৪.৫ নদী ভিত্তিক জীবন ব্যবস্থায় গড়ে ওঠা সামাজিক বন্ধনের মানচিত্র

৪.৫ প্রাপ্ত ফলাফলের উপর তুলনামূলক আলোচনা ৮১

## 4 Learning from the International and Local Areas

4.1 Overview of International and Local Study Areas 46
4.2 Approach and Analytical Framework 46
4.3 Local Case: Faridpur Sadar Upazila, Faridpur, Bangladesh 54
4.3.1 Common factors of development
4.3.2 Findings from Faridpur Sadar Upazila
4.3.3 Settlement along Kumar Nod – development process
4.3.4 Problem identification from Faridpur Sadar Upazila
4.3.4.1 Environmental findings
4.3.4.2 Cultural findings
4.3.4.3 Economical Findings
4.4 International Case: Bang phli, Samutprakan, Thailand 67
4.4.1 Finding from Bang Phli Yai
4.4.2 River based planning and adjoining infrastructure and space formation
4.4.3 Map of river based planning and adjoining infrastructure and space formation
4.4.4 Map of indigenous livelihood formation inherent into human-nature interaction
4.4.5 Mapping of social bonds developed into river-based daily living system
4.5 Comparative discussion on Findings 81

## ৪.১ স্থানীয় ও আন্তর্জাতিক গবেষনা এলাকা
## 4.1 Overview of International and Local Study Areas

ফরিদপুরের কুমার নদ পাড়ের লোহার ব্রিজ সংলগ্ন এলাকা ও তার সাথে সরাসরি সম্পর্কিত মিশ্র কাজে ব্যবহৃত এলাকা যা, নির্ধারিত করা হয়েছে লোহার ব্রিজের দুই ধারের দুইটি সংযোগকারী ব্রিজ, জোড়া ব্রিজ ও আলীপুর ব্রিজ পর্যন্ত বিস্তৃত এলাকাকে নিয়ে। এই সম্পুর্ন এলাকাকে স্থানীয় ক্ষেত্রের জন্য নির্বাচন করা হয়। এরই ধারাবাহিকতায় থাইল্যান্ডের সামুতপ্রাকান প্রভিন্সের ব্যাং ফ্রি ইয়াই এর প্রাচীন ভাসমান বাজার ও তার সাথে সরাসরি সামাজিকভাবে সংযুক্ত ধর্মীয় উপাসনালয়, সরকারি এলাকা ও সংলগ্ন বসতিকে নিয়ে আন্তর্জাতিক ক্ষেত্রের স্থান নির্বাচিত করা হয়।

For this research, the Iron bridge over Kumar Nod and its adjacent area which spreads from Jora-Bridge ( means twin bridge in English) to Alipur Bridge along the Kumar river, have been selected as the local case. In its continuation, the ancient floating market in Bang Phi Yai, Samutprakan, Thailand along Samrong canal has been selected as the international case which has several similarities with the local case.

## ৪.২ পদ্ধতি এবং বিশ্লেষণাত্মক কাঠামো
## 4.2 Approach and Analytical Framework

মূল গবেষণা পরিচালনা করার জন্য, প্রাথমিকভাবে সংগৃহীত তথ্য সমূহকে নিয়ে পর্যালোচনা করা হয়। যার মাধ্যমে স্থানীয় পরিকাঠামো ও অপরিকাঠামোগত দিক নিয়ে নানাবিধ উন্নয়ন পদ্ধতির তত্ত্ব আলোচনার মাধ্যমে কিভাবে মানুষ তার প্রকৃতির সাথে মিলেমিশে জীবনপ্রনালী পরিচালিত করে, তার উপাত্ত ব্যাখ্যা করে কর্মপদ্ধতি ঠিক করা হয়েছে। সংবেদনশীল উন্নয়ন পরিকল্পনার জন্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত বিভিন্ন তত্ত্ব ও উপাত্ত বিশ্লেষণের মাধ্যমে আর্থ-সামাজিক, পরিবেশগত-সামাজিক ও সাংস্কৃতিক-সামাজিক দিকগুলো সম্পর্কে আলোকপাত করা হয়েছে। এই স্থাপত্য অঙ্কন-শালার গবেষণা পরিচালনার জন্য উদ্দেশ্যসমূহ ও কর্মপদ্ধতির ধাপসমূহ পর্যায়ক্রমে বর্ণনা করা হল।

In order to conduct the research, the primarily collected information is reviewed. The methods will be taken depending on the socio-economic, socio-cultural and socio-environmental aspects of the sustainable development, that plan have been deliberated with the analysis of different internationally recognized theories and data. Through an overall review of local infrastructural and non-infrastructural development, it's been explained how people use to lead their life through the interaction with nature. For achieving the philosophy at first described here the objectives of the studio research and then comes the methodology steps by steps.

উদ্দেশ্য সমূহ -

১) কুমার নদের পাড়ের নির্ধারিত জনবসতির আর্থসামাজিক, সাংস্কৃতিক ও পরিবেশগত বিষয়সমূহ চিহ্নিতকরণ।

২) কুমার নদ পাড়ে "মানুষ- ভূমি- জল" এর মিথস্ক্রিয়া ব্যাবস্থার ( জল প্রবাহ ও যোগাযোগ ব্যবস্থা, ব্যাপ্তিযোগ্যতা, প্রবেশগম্যতা এবং পার্শ্ববর্তী সম্প্রদায়ের সাথে সংযোগ) বৈশিষ্ট্যসমূহ অন্বেষণ করা।

Objectives -

1. To identify the socio-economic, socio-cultural, and environmental issues of selected settlement along Kumar Nod.

2. To explore the attributes of 'land-water-people' interaction system (water network and its accessibility, permeability, connectivity to surrounding communities) along Kumar Nod.

৩) সামাজিক স্থান চিহ্নিতকরণ ও তার পারিপার্শ্বিক আর্থসামাজিক, সাংস্কৃতিক ও পরিবেশগত বৈশিষ্ট্যসমূহ অন্বেষণ করা।

৪) কাছাকাছি বৈশিষ্ট্যের একটি আন্তর্জাতিক ক্ষেত্র (ব্যাং-ফ্লি, সামুতপ্রাকান, থাইল্যান্ড) থেকে সঙ্গতিপূর্ণ বিষয়সমূহের ধারনা গ্রহন।

৫) কুমার নদের সাথে সামাজিকভাবে টেকসই উন্নয়নের জন্য স্থানভিত্তিক অবকাঠামোগত বিবেচ্য বিষয় নির্ধারণ এবং এর ধারনা প্রনয়ন।

৬)কুমার নদ পাড়ের নির্ধারিত সামাজিক স্থানগুলিতে অবকাঠামো স্থাপনের জন্য কৌশলগত অবস্থান নির্ধারণ ও নকশা প্রনয়ন।

3. To identify the social spaces and associated socio-economic, cultural and environmental attributes that shapes the system.

4. To learn from a similar foreign case study – Bang Phli Yai, Bangkok, Thailand.

5. To develop spatial-physical planning considerations and conceptual master plan towards socially sustainable development along Kumar Nod.

6. To determine strategic locations for physical design intervention and develop built environmental design solutions for selected social spaces along Kumar Nod.


প্রাথমিক জরীপ (pilot survey)


বসতি (settlement)


পদ্মার পাড় (River bank of Padma )

### উদ্দেশ্য ০১ )


কুমার নদের পাড়ের নির্ধারিত জনবসতির আর্থসামাজিক, সাংস্কৃতিক ও পরিবেশগত বিষয়সমূহ চিহ্নিতকরণ

- নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত বিভিন্ন উপজেলাসমূহের উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে ধারনা গ্রহন
- বাংলাদেশের বিভিন্ন ধরনের জনবসতির নমুনা অধ্যয়ন
- ফরিদপুর সদরের প্রাথমিক জরিপ ও পৌরসভার সাথে বৈঠক
- স্থান ভিত্তিক বিবেচ্য বিষয়সমূহ চিহ্নিতকরণ।


### Objective 01


To identify the socio-economic, socio-cultural, and environmental issues of the selected settlement along Kumar Nod

- Receiving ideas about the development plans of different Upazilas prepared by the Urban Development Directory
- Study of different types of settlements in Bangladesh
- Primary survey of Faridpur Sadar and meeting with the municipality
- Identification of place based considerations


কুমার নদের পাড়
Beside Kumar Nod


সোনালী আঁশ
Golden Fiber
(source: livemint)


মাছ ধরা
Fishing
(source: worldvillageimages)


হস্ত শিল্প
Craft
(source: worldvillageimages)

উদ্দেশ্য ০২ )

কুমার নদ পাড়ে "মানুষ- ভূমি- জল" এর মিথস্ক্রিয়া ব্যাবস্থার ( জল প্রবাহ ও যোগাযোগ ব্যবস্থা, ব্যাপ্তিযোগ্যতা, প্রবেশগম্যতা এবং পার্শ্ববর্তী সম্প্রদায়ের সাথে সংযোগ) বৈশিষ্ট্যসমূহ অন্বেষণ করা

•

- মানুষ- ভূমি- জল এর মিথস্ক্রিয়া ব্যবস্থাপনা সম্পর্কিত পড়াশুনা
- প্রাথমিক জরিপ থেকে প্রাপ্ত তথ্য সমূহ বিশ্লেষণপূর্বক কাজের পরিধি নির্ধারণ

Objective 02

To explore the attributes of 'land-water-people' interaction system (water network and its accessibility, permeability, connectivity to surrounding communities) along Kumar Nod

- Studding the interaction people-land-water
- Fixing the scope of work by analyzing the information obtained from the initial survey


ফরিদপুরের গর্ব জসীম উদ্দিন
Pride of Fharidpur Jasim Uddin


ক্লাসের আলোচনা
Discussion at class


মানচিত্র প্রস্তুতকরণ
Map preparation


নদীর পাড়ে বাচ্চাদের খেলাধুলা
Children playing on the bank of river
(source: life school)


পাটের আঁশ ছাড়ানো
Extracting fiber from jute plant
(source: designer jute)

উদ্দেশ্য ০৩ )

সামাজিক স্থান চিহ্নিতকরণ ও তার পারিপার্শ্বিক আর্থসামাজিক, সাংস্কৃতিক ও পরিবেশগত বৈশিষ্ট্যসমূহ অন্বেষণ করা

- নগর উন্নয়ন অধিদপ্তরে যৌথ কর্মশালা
- নগর উন্নয়ন বিশেষজ্ঞের সাথে মতবিনিময় সভা
- কর্ম এলাকা (কুমার নদের লোহার ব্রিজের দুই পাশে, আলীপুর ব্রিজ থেকে জোড়া ব্রিজ পর্যন্ত স্থান) চূড়ান্তকরন
- নির্ধারিত কর্ম এলাকায় বিশদ জরিপ কার্যক্রম

Objective 03

To identify the social spaces and associated socio-economic, cultural and environmental attributes that shapes the system

- Joint workshop with Urban Development Directory
- Exchange thoughts with the city development experts
- Decide working area (Alipur bridge to Jora bridhe beside two side of Lohar bridge, along Kumar Nod)
- Detailed survey on selected working area.


যৌথ কর্মশালা
Joint workshop


কর্ম এলাকা (কুমার নদ)
action area
(source: ArcGIS online)


বিশদ জরিপ কার্যক্রম
Detailed survey


স্থানীয় জনগনের মতামত গ্রহন
Opinion collection from local people

উদ্দেশ্য ০৪ )

কাছাকাছি বৈশিষ্ট্যের একটি আন্তর্জাতিক ক্ষেত্র (ব্যাং-ফ্লি, সামুতপ্রাকান, থাইল্যান্ড) থেকে সঙ্গতিপূর্ণ বিষয়সমূহের ধারনা গ্রহন

- সঙ্গতিপূর্ণ আন্তর্জাতিক উদাহরন অনুসন্ধান
- নির্ধারিত স্থান জরিপ ও স্থানীয় পৌরসভার সাথে বৈঠক
- আন্তর্জাতিক উদাহরনের প্রতিবেদন প্রস্তুতিকরন

Objective 04

To learn from a similar foreign case study - Bang Phli Yai, Bangkok, Thailand

- Consistent international examples search
- Meeting with local municipality and survey
- Preparation of International Examples Report



স্থানীয় সরকারের সাথে মতবিনিময় (থাইল্যান্ড)
Meeting with local government (Thailand)



বসতি জরিপ
Settlement Survey



বাজার এলাকা জরিপ
Bazar Area Survey

উদ্দেশ্য ০৫ )

কুমার নদের সাথে সামাজিকভাবে টেকসই উন্নয়নের জন্য স্থানভিত্তিক অবকাঠামোগত বিবেচ্য বিষয় নির্ধারণ এবং নকশার ধারনা প্রনয়ন

Objective 05

To develop spatial-physical planning considerations and conceptual plan towards socially sustainable development along Kumar Nod

উদ্দেশ্য ০৬ )

কুমার নদ পাড়ের নির্ধারিত সামাজিক স্থানগুলিতে অবকাঠামো স্থাপনের জন্য কৌশলগত অবস্থান নির্ধারণ ও নকশা প্রনয়ন

- "উন্নয়ন মেলা ২০১৮, ফরিদপুর" এ অংশগ্রহনের মাধ্যমে প্রাথমিক নকশা ভাবনা প্রচার এবং জনমতামত গ্রহন
- গবেষণাভিত্তিক নকশা ভাবনা প্রস্তুতকরন
- " বিশ্ব নগর দিবস, ২০১৮" এ উপস্থাপন ও বিশেষজ্ঞ মতামত গ্রহন
- গবেষণাভিত্তিক নকশা ভাবনাকে পুথিগতকরন

Objective 06

To determine strategic locations for physical design intervention and built environmental design solutions for social spaces along river

- Promotion of primary ideas and gathering public opinion from "Development Fair 2018, Faridpur"
- Preparation of research-based design ideas
- Presentation at "Global City Day, 2018" and gathering expert opinion
- Report writing














উন্নয়ন মেলায় স্থানীয় জনগনের মতামত গ্রহন
Gathering Local people's Opinion in development fair



বিশ্ব নগর দিবসে বিশেষজ্ঞ মতামত গ্রহন
collecting Expert's feedback

# বিশ্লেষণী কাঠামো
# Analytical Framework








কুমার নদের দুই পাড়ের বসতি

Settlement along Kumar Nod

## ৪.৩ স্থানীয় উদাহরণঃ ফরিদপুর সদর উপজিলা, ফরিদপুর, বাংলাদেশ
## 4.3 Local case: Faridpur sadar upazilla, Faridpur, Bangladesh

পদ্মা নদীর তীরে ফরিদপুর জেলার প্রাণকেন্দ্রে ফরিদপুর সদর উপজিলা অবস্থিত। ১৩০০ শতাব্দীর প্রারম্ভে আগত সুফী সাধক হযরত শেখ শাহ ফরিদ এর নামানুসারে এই অঞ্চলের নামকরন করা হয় ফরিদপুর। প্রশাসন ফরিদপুর সদর থানা গঠিত হয় ১৮৯৬ সালে এবং থানাকে উপজেলায় রূপান্তর করা হয় ১৯৮৩ সালে। বর্তমানে ৪০৭.০২ বর্গ কিলোমিটারের ফরিদপুর সদর উপজেলা ১ টি পৌরসভা (৯ টি ওয়ার্ড), ১১ টি ইউনিয়ন ও ৩৩২ টি গ্রাম নিয়ে অবস্থিত।

পৃথিবীর সর্ব বৃহৎ বদ্বীপ বাংলাদেশ, প্রধানত যে নদীবিধৌত অঞ্চলগুলো নিয়ে গঠিত তার প্রায় সকল বৈশিষ্ট্যই ফরিদপুর সদরে বিদ্যমান। নানাবিধ প্রাকৃতিক সম্পদ ও বিখ্যাত ব্যাক্তিবর্গের পদচারনা এই অঞ্চলকে করেছে সমৃদ্ধ ও ঐতিহ্যবাহী। আদি পদ্মার কোল ঘেঁসে অবস্থিত ফরিদপুরের প্রেরণা পল্লীকবি জসিমউদ্দিন ও তার স্মৃতি বিজড়িত কুমার নদ এবং বাংলার গর্ব সোনালী আঁশ এই এলাকায় প্রতিনিয়ত প্রান সঞ্চালনের করে চলেছে । জীবনধারণের প্রধান চালিকা হিসেবে কৃষিকে গ্রহন করে এবং হাজার বছরের ঐতিহ্যকে ধারণ করে গড়ে উঠেছে নদীর চারিপাশের বসতিসমূহ। প্রকৃতির সাথে সহঅবস্থানকে প্রাধান্য দিয়ে জল, কাদা ও সবুজের অনন্য প্রতিফলন হিসাবে তৈরি হয়েছে প্রকৃতির কোলে এখানকার মানব বসতি। যার নিত্যদিনের জীবনধারায় সবসময়ই প্রাধান্য পেয়েছে এখানকার জলবায়ু, ভূ-প্রকৃতি, প্রাকৃতিক সম্পদ, পরিবেশ, মানুষ ও তাদের জীবনধারণের দর্শন।




Faridpur Sadar Upazila is situated at the heart of Faridpur district on the banks of the Padma. Faridpur was named after the name of the famous Sufi saint Hazrat Sheikh Shah Farid in the early 1300's. Faridpur Sadar Thana was formed in 1896 and it was turned into an upazila in 1983. Presently, Faridpur Sadar Upazila consists of one municipality (9 wards), 11 union and 332 villages of total 407.02 sq km.

Bangladesh is the largest delta of the world. Faridpur Sadar has almost every characteristics of those riverine areas, this delta mainly contains of. The origin of various natural resources and famous people has made this area rich and traditional. The rural poet Jasimuddin and Kumar river related with his memories are the main inspiration of the locality of Faridpur. Another significant aspect of this region is the best quality jute of overall Bangladesh known as the 'Golden Fiber', the pride of Bangladesh. Locality have been developed along the river, which have adopted agriculture as the main driving force of livelihood and have been holding thousands of years of tradition. The settlements of this area have been brought up on the lap of nature bringing the reflection of land-people- water interaction which is an inherent characteristic of this climate. The climate, the landscape, the natural resources, the environment, the people and their philosophy of living, have been given priority into the formation and daily life style of this settlement.

Along with natural resources, this region is rich in industries, literature, ancient monuments and archeology which are containing and bringing the tradition and culture of this region. Among the important structure the home of rural-poet Jasimuddin, Dargah of Sheikh Farid, Shiva Temple of Chalkbazar, Chowdhuri House in Rathkhola, Jagabandhu monastery, shrine of Bismillah Shah, court mosque, Faridpur christian mission, Gaur Gopal Angina (courtyard), Shah-

প্রাকৃতিক সম্পদের পাশাপাশি শিল্প, সাহিত্য, প্রাচীন নিদর্শন ও প্রত্নসম্পদেও এই অঞ্চল সমৃদ্ধ,যা এতদঞ্চলের ঐতিহ্যের ধারক ও বাহক। উল্লেখযোগ্য স্থাপনাগুলোর মধ্যে পল্লীকবি জসিমউদ্দিনের বাড়ি, শেখ ফরিদের দরগাহ, চকবাজারের শিবমন্দির, রথখোলা চৌধুরীবাড়ি, জগদ্বন্ধুর আশ্রম (শ্রী অঙ্গন), বিসমিল্লাহ শাহের মাজার, কোর্ট মসজিদ, ফরিদপুর খ্রিস্টান মিশন, গৌর গোপাল আঙ্গিনা, গোয়ালচামট শাহ সাহেব বাড়ি, মহিমবাবুর মঠ, ময়েজ মঞ্জিল ও কবরস্থান, খান বাহাদুর আবদুল গণি মিয়ার বাড়ি, ফরিদপুরের টাউন থিয়েটার, অম্বিকাচরণ মজুমদারের বাড়ি, নদী গবেষণা ইনস্টিটিউট ক্যাম্পাস, কানাইপুর শিকদার বাড়ি, গোয়ালচামট শাহ শাহের বাড়ি, স্লুইচ গেট উল্লেখযোগ্য।

কুমার নদের দুই তীর ধরেই সর্ব প্রথম ফরিদপুর সদর উপজেলার মানব বসতি ও তার আনুষঙ্গিক অবকাঠামোসমূহের স্থাপনা তৈরি হয়। কালের পরিক্রমায় তা বিস্তৃতি লাভ করে ও প্রাচীন অংশটুকু নগরের প্রাণকেন্দ্রে পরিণত হয়। জনতার মোড়, নিউ মার্কেট, হাজী শরীয়ত উল্লাহ বাজার, চক বাজার, ময়রা পট্টি ও বেইলী ব্রিজ এর সংলগ্ন এলাকাজুড়ে শহরের মূল বাণিজ্যিক এলাকা ও তার সংশ্লিষ্ট বসতি বিস্তৃতি লাভ করে। কুমার নদকে কেন্দ্র করে বসতি নির্মাণ হওয়ার জন্য শহরের আকৃতি প্রায় রৈখিক ও নদীর সাথে সমান্তরাল, যার প্রতিফলন এর সামাজিক, অর্থনৈতিক ও পরিবেশগত কাঠামোর উপর সরাসরি প্রভাব বিস্তার করে এক স্ব-বৈশিষ্ট্যের সৃষ্টি করেছে। যা এখানকার পরিকাঠামো ও অপরিকাঠামোগত পদক্ষেপের প্রায় প্রতিটিতেই পরিলক্ষিত হয়।

কৃষি প্রধান অঞ্চল হওয়ার জন্য ভূমি ও সম্পদের ব্যবহার, অর্থনীতির কাঠামো তৈরিতে প্রত্যক্ষ ভূমিকা পালন করে চলেছে। যার ধারাবাহিকতা এ অঞ্চলের মানুষের জীবনপ্রনালী, সামাজিকতা, পারিবারিক গঠন, স্থানিক বিন্যাস, পরিকাঠামোগত নির্মান, অপরিকাঠামোগত পদক্ষেপ, নানাবিধ আচার-অনুষ্ঠান, কর্মপ্রণালী প্রভিতির মধ্য সুস্পষ্টভাবে বিদ্যমান। এখনো শহরতলি ও শহরে এলাকার আধুনিকতায় নির্মিত অর্থনৈতিক ব্যাবস্থাপনাতে কৃষিজ কাচামাল, ও তার পুন-উৎপাদিত সারঞ্জমাদির ব্যবহারই সর্বাধিক পরিলক্ষিত হয়। এই অর্থনৈতিক ব্যবসস্থাপনার কাঠামো সমপূর্নরূপে সামাজিক গঠন ও তার বিন্যাস দ্বারা এখনো পর্যন্ত পরিচালিত ও গঠিত হচ্ছে। যার ছাপ বসতির প্রতিটি স্থান, তার বিন্যাস ও অবকাঠামো নির্মানের উপর সুস্পষ্টভাবে বিদ্যমান।

-Shaheb House in Goyalchamot, Mahimbabu monastery, Moyez manjil (house) and graveyard, house of Khan Bahadur Abdul Goni Mia, Faridpur town theatre, home of Ambikacharan Mazumder, campus of River Research Institute, Kanaipur Shikder House, Shah Shah's house of Goalchamot, switch gate etc. are more significant.

On the banks of Kumar Nad, the first human settlement and its adjoining infrastructure has developed in Faridpur Sadar upazila. By time, it grew and the ancient parts became the center of the city. The main business area and its adjacent area have expanded into Janata Mor (node), new market, Haji Shariyatullah market, Chalkbazar (market), moyra patti and baily bridge. The city's shape is almost linear and parallel to the river as the settlements have developed along the riverside and this pattern has directly influenced the social, economic and environmental structure of this region. Which is observed into almost every infrastructural and non-infrastructural interventions.

As this area is a agro-based area, the use of land and resource is playing direct role into the development of economic structure. It's continuation is clearly reflecting into human life-style, socialism, family structure, spatial formation, infrastructural construction, non-infrastructural steps, various rituals and activities. Till now, the use of agriculture raw materials, and its reproduction are most likely to be seen into the financial management of modern urban and suburb areas. The framework of this economic settlement is being managed and structured so far by social structure and its distribution. Whose impression is obviously contained into every place of settlement, its layout and structure.

## ৪.৩.১ উন্নয়নের সাধারণ কারণসমূহ
## 4.3.1 Common factors of development

একটি এলাকার সামগ্রিক উন্নয়ন, তার পরিকাঠামোগত ও অপরিকাঠামোগত উভয় পরিকল্পনার উপরই সমানভাবে নির্ভর করে। অপরিকাঠামোগত উন্নয়নের (নীতি-নির্ধারণ) সাথে সাথে প্রাসঙ্গিকভাবে যদি পরিকাঠামোগত (অবকাঠামো) উন্নয়নের দিকগুলো চিন্তা করে পদক্ষেপ নেয়া হয়, তাহলে তা সময়োপযোগী হবে ও উন্নয়নের ধারা অব্যহত থাকবে। বেশিরভাগ ক্ষেত্রেই পরিকল্পনার জন্য নীতি সংক্রান্ত ও কাঠামোগত বিষয় গুলোর মধ্য সমন্বয় না থাকায়, এককভাবে নেওয়া পদক্ষেপগুলো উন্নয়নের পাশাপাশি নানাবিধ নতুন সমস্যার সৃষ্টি করে। যা সরাসরি ভবিষ্যৎ পরিকল্পনা বাস্তবায়নের পদক্ষেপকে ক্ষতিগ্রস্ত করে। যদিও এখনো পর্যন্ত সারা পৃথিবীতে প্রত্যক্ষভাবে উন্নয়নের মাপকাঠি শুধুমাত্র অর্থনীতি, কিন্তু বাংলাদেশের ক্ষেত্রে এই অর্থনীতি নির্মাণের জন্য সামাজিক আচার-প্রণালী, জীবনধারা, এবং পরিবেশ পরোক্ষভাবে সবথেকে বেশি প্রভাবিত করে। তাই বাংলাদেশের তথা ফরিদপুর সদরের জন্য উন্নয়নকে চিন্তা করতে গেলে সেখানে সবার আগে আসবে সামাজিক প্রেক্ষাপট, পরিবেশ ও এই দুইয়ের সাথে সমন্বয় রেখে অর্থনৈতিক ব্যবস্থা। তাই সত্যিকার অর্থে উন্নয়নের জন্যে, সামাজিক দৃষ্টিকোন থেকে দেখে এই তিনটি ক্ষেত্রের মিলবন্ধনের মাধ্যমে উন্নয়নের ভাবনা, কারণ অনুসন্ধান ও পদক্ষেপসমূহ তৈরি করতে পারলে সেটাই হবে স্থানিক উন্নয়ন।

The overall development of an area is equally dependent on both its infrastructure and non-infrastructural plan. With non-ifrastructural (policy) development, if steps are taken accordingly, considering the aspects of infrastructural development, then it will be timely and the development phase will continue spontaneously. In most cases, because there is no coordination between policy-related and structural issues, the steps taken by the individual alone create many new problems along with development. Which directly affects the steps to implement a future plan. Although the scale of development in the whole world is still only economics, but in the case of Bangladesh, the social behavior, lifestyles, and the environment indirectly affect the development of this economy system. So, to think of the development of Faridpur Sadar for Bangladesh, it's necessary first to consider the social structure, the environment and the financial system developed with the coordination of these two. Therefore, for the real development, if it's possible to initiate the idea of development, investigation of its cause and arrangement of necessary steps through the combination of these three fields seeing from social perspective, that will be truly a successful regional development.

### ৪.৩.২ ফরিদপুর সদর উপজেলা থেকে প্রাপ্ত তথ্য
### 4.3.2 Findings from Faridpur Sadar Upazila

ফরিদপুর সদর উপজেলা থেকে প্রাপ্ত তথ্য ও উপাত্ত পর্যালোচনা করলে দেখা যায়, এই এলাকায় মানব বসতির স্থাপনা প্রক্রিয়া শুরুই হয়েছিল নদী ও তার অববাহিকাতে অবস্থিত উর্বর ভুমির উপর নির্ভরতার মাধ্যমে। তাই নদীকে কেন্দ্র করেই সকল ধরনের বসতি ও তার কর্মক্ষেত্র সৃষ্টি হয়েছিল। যেখানে বসতির জীবনধারা ও আনুষঙ্গিক কর্মপরিধি বিস্তৃতি লাভ করেছিল নদী ও প্রাকৃতিক সম্পদের মাঝে সংযোগ স্থাপনের মাধ্যমে। এই চলমান প্রক্রিয়ায় যুগের চাহিদার সাথে সাথে আধুনিকতার ধারাবাহিকতাকে স্থান দিতে যেয়ে দেখা গেছে, জীবনধারায় অনেক উৎকর্ষ সাধনের পাশাপাশি প্রচলিত রিতী-নিতীও অনেকাংশে বিলুপ্ত হয়ে গেছে। ফরিদপুর সদর উপজেলার ক্ষেত্রে, প্রযুক্তি ও তার উৎকর্ষকে দেশজ রীতিনীতি, পরিবেশ, অর্থনীতি ও সামাজিকতার সাথে সামঞ্জস্যপূর্ন রেখে ভাবনাগুলোকে না ভাবার জন্য বাস্তবে যখন উদ্যোগগুলো প্রতিফলিত হয়েছে তখন দেখা গেছে, তা আদতে এই অঞ্চলের জন্য সুফল বয়ে আনার পাশাপাশি নানাবিধ সমস্যারও সৃষ্টি করেছে। আরও গভীরে অনুসন্ধান করলে দেখা যায়, উন্নয়ন কার্যক্রমের পরিক্রমায় ও পরিকল্পনায় কুমার নদ ও তার পার্শ্ববর্তী বসতিই মূলত এ অঞ্চলের সামগ্রিক বৈশিষ্ট্য লালন করে চলেছে, যা নানাধরনের সামাজিকতার মধ্য দিয়ে প্রজন্ম থেকে প্রজন্মে সঞ্চালিত হয়ে চলেছে।

It is seen from the information and data obtained from Faridpur Sadar Upazila, the establishment of the human settlement in this area began with reliance on the river and the fertile land in its basin. That's why all the settlements and their workplaces were developed along the riverside. Where settlement lifestyle and relevant work-patterns expanded through connectivity between rivers and natural resources. In this ongoing process, along with the demand of the era, the continuity of modernity has been perceived and with updating the lifestyle various social rituals and tradition have been extinct. In the case of Faridpur Sadar Upazila, due to the absence of the relevance of contextual manners, environment, economy, and socialism in the thought process of adding technology and its excellence to the development initiatives, it has brought various problems along with benefits for this region. With more detailed investigation it's been found that in the planning of development activities, the Kumar river, and its adjoining settlements are basically bringing the overall characteristics of this region. Which has been taking place from generation to generation through the different types of socialism.

### ৪.৩.৩ কুমার নদের পার্শ্ববর্তী বসতির উন্নয়ন প্রক্রিয়া
### 4.3.3 Settlement along Kumar Nod – development process

ফরিদপুর সদরের পরিচিতি, ঐতিহ্য, আচার-অনুষ্ঠান, স্থান বিন্যাস, জীবনধারা ও প্রায় সকল কর্মকাণ্ডই কুমার নদের সাথে অতপ্রতভাবে জড়িত। নদীর সাথে মানুষের মিথস্ক্রিয়ার যে অনবদ্য উদাহরণ তা প্রকৃতভাবে এই কুমার নদ পাড়ের বসতিতেই আদিমকাল থেকে আজ পর্যন্ত জীবনের অবিচ্ছেদ্য অংশ হিসাবে প্রতিফলিত হয়ে আসছে। আমরা যদি এর উৎস খুঁজি তাহলে দেখি, কুমার নদের চারিধারের ভূমি অসম্ভব উর্বর হওয়ায় প্রাথমিকভাবে বসতিসমূহ এখানেই স্থাপিত হয়েছিল। তৎকালীন সময়ে এ এলাকার মুল অর্থনৈতিক উপকরণ ছিল কৃষি ও কৃষিজ পন্য, যার উৎপাদন প্রণালী নদী নির্ভর হওয়ায় বসতিসমূহ নদীর তীরবর্তী অববাহিকাগুলোতে তৈরি হত। এছাড়াও দৈনন্দিন গৃহস্থলির প্রয়োজনীয় সুপেয় পানি ও সাধারণ ব্যবহার্য পানির মূল উৎসই ছিল প্রধানত নদী ও প্রাকৃতিক জলাধার সমুহ, যা বসতির স্থান নির্ধারনের জন্য গুরুত্বপূর্ন ভুমিকা পালন করত। খাদ্য ও পুষ্টির ক্ষেত্রে মাছ ও জলজ উপাদানসমূহের মূল যোগানই ছিল নদী। এছাড়াও ব্যাবসার প্রয়োজনে যাতায়াত ও যোগাযোগের সবথেকে নির্ভরযোগ্য উপায়গুলোও ছিল নদী কেন্দ্রিক।

The familiarity, tradition, rituals, spate pattern, lifestyles and almost all activities of Faridpur Sadar are well-connected to the Kumar Nad. The unique example of human interaction with the river is, in fact, reflected as an integral part of the life of this settlement along Kumar riverbank from primitive time. If we look for its source, then we can see that because of the fertility of the lands of Kumar river, the settlements were initially established here. During this time, the main economic instrument of this area was agriculture and agricultural products. As the production method is dependent on the river, the settlements were built in basins of the river. Also the main source of water required for daily household was mainly the river and natural reservoirs, which played an important role in determining settlement's position. In the case of food and nutrients,

এসকল কারণে ফরিদপুরের ক্ষেত্রে এর প্রাণকেন্দ্র দিয়ে বয়ে চলা কুমার নদই মূলত এ অঞ্চলের বৈশিষ্ট্যসমুহ লালন-পালন ও বহন করে চলেছে। কালের পরিক্রমায় উন্নয়নের ধারায় এই প্রানের কুমার নদই এখন প্রায় বিস্মৃত হতে চলেছে। এখনো মূল অর্থনৈতিক উপকরণ কৃষি হওয়ায়, কৃষি কাজে নদী নির্ভরতা যেমন রয়ে গেছে, তেমনি এসেছে আধুনিক সরঞ্জামাদির ব্যবহার। অপরদিকে মানুষের য়ই আলোচনার মূল প্রেক্ষাপট তৈরি করতে সাহায্য করে।

ব্যস্ততা ও আধুনিক সুবিধার কারনে পানি ব্যাবস্থাপনা এবং এর ব্যবহার চলে এসেছে বাড়ির মধ্যই। এতে করে কাজের পরিধি বৃধি পাওয়ার সাথে সাথে সময়কেও যথোপযোগী ব্যবহার করা সম্ভব হচ্ছে। যদিও এর কারনে সামাজিক পরিমন্ডলে প্রচুর পরিবর্তন এসেছে, যা কখনো হয়েছে মঙ্গলময় আবার কখনো ক্ষতির কারন। ব্যাবসা ও যোগাযোগের ক্ষেত্রে যে জলপথ একসময় একমাত্র উপায় ছিল, তা স্থলপথ, আধুনিক যানবাহন ও ব্যাবসা পদ্ধতিদ্বারা প্রতিস্থাপিত হয়ে গেছে। এর ফলে দেখা গেছে, নতুন সম্ভবনা উম্মোচনের সাথে সাথে যা আগে থেকেই বিদ্যমান ছিল তাকে গুরুত্ব না দেওয়ায় সামগ্রিক উন্নতি না হয়ে, তা হয়ে যাচ্ছে একপাশে। আসলে আধুনিক প্রযুক্তিগত উন্নয়নের সাথে সাথে, দেশীয় ঐতিহ্যকে ধারণ করলেই বাংলাদেশের মত উন্নয়নশীল দেশের পক্ষে সামগ্রিকভাবে উন্নতি সম্ভব। তাই ফরিদপুর সদরের জন্য বর্তমান সময়ের সকল বিবেচ্য বিষ


the main supply of fish and aquatic plants was the river. Also the most reliable means of transportation and communication was river-centric.

For this reason, Kumar river is mainly nurturing and carrying the characteristics of this region in Faridpur. In the course of time, this Kumar River is now being forgotten in terms of development. As the main economic instrument is still agricultural, the river dependency of agricultural work remains the same, but the use of modern equipment has appeared. On the other hand, due to man's busyness and modern facilities, water management and its use are now being arranged into the house. It has been possible to ensure the best of time as well as to increase the work scope. However, due to this, there has been a lot of change in the social environment, which sometimes are beneficial or sometimes are causing losses. The waterway that once was the only way of business and communication was replaced by land routes, modern vehicles, and trading systems. As a result, because of ignoring the indigenous strength, in spite of discovering new possibilities, the overall development is not seeing the light. What is happening, is kind of one-sided. So, the overall development developing countries like Bangladesh will be possible only if along with the modern technological developments, the domestic tradition will be nurtured in the same way.

### ৪.৩.৪ ফরিদপুর সদর উপজেলার বিবেচ্য বিষয়সমূহ
### 4.3.4 Problem identification from Faridpur Sadar Upazila

বাংলাদেশের অন্য সকল জায়গার মত ফরিদপুর সদরের ক্ষেত্রে উন্নয়নের আঙ্গিকে বহুবিধ আলোচ্য বিষয় থাকলেও তা মূলত তিনটি বৃহৎ ক্ষেত্রেরই অন্তভূক্ত। যথা পরিবেশ, সামাজিক, ও অর্থনৈতিক পরিমণ্ডল। পর্যায়ক্রমে বিষয়সমূহ বিস্তৃতভাবে আলোচনা করা হল।

Like all other places in Bangladesh of Bangladesh, although Faridpur Sadar has many disscussible topics in terms of development, it mainly consists of three major fields. Such as the environment, the social, and the economic realm. Those topics are going to be discussed one by one.



(Garbage dumping)
(Bath in the river)
(River-front obstacle)
(River-front rituals)
(Poultry keeping)
(drying cloths)
(urinate)
(risking life for selling)
(Bath in the river)
(waste disposal)
(constructing Ghatla)



দৃষ্টি প্রতিবন্ধক
(Visual Barrier)



নদীমুখী প্রতিবন্ধক
(River-front obstacle)



নদীমুখী প্রতিবন্ধক
(River-front obstacle)



প্রতিবন্ধক
(obstacle)



ঘাটলা নির্মাণ
(constructing Ghatla)

## ৪.৩.৪.১ পরিবেশগত আলোচ্য বিষয় সমূহ
## 4.3.4.1 Environmental findings

০১। আলীপুর ব্রিজ ও জোড়া ব্রিজের মধ্যবর্তী বসতিগুলোর ড্রেনসমূহ সব সরাসরি নদীতে উম্মুক্ত হওয়ায় পরিবেশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

০২। নির্ধারিত এলাকার সবাই ময়লা আবর্জনা সরাসরি নদীতে ফেলে, এবং ঘাটলার পাশে যেখানে গোছল ও নিত্যদিনের প্রয়োজনীয় বাকি কাজ সম্পন্ন করে সেখানেই পানিতে ময়লা-আবর্জনা ফেলে। তাতে করে নদী ও তার পার্শ্ববর্তী জায়গার পরিবেশ সরাসরি দূষিত হচ্ছে।

০৩। কুমার নদ পাড়ের (বাজার, বসতি) নদী দখল করে অবকাঠামো নির্মাণ করায় নদী, নদীর পাড়ের পরিবেশ ও তার উপর নির্ভরশীল মানুষের জীবন পরিবর্তিত হয়ে যাচ্ছে, যা বেশিরভাগ ক্ষেত্রে শুধু সমস্যারই জম্ম দিয়ে যাচ্ছে।

০৪। কুমার নদের উপরের সবথেকে জনবহুল স্থান লোহার ব্রিজ, খাঁচার মত কাঠামো দিয়ে আবৃত থাকায় নদী ও মানুষের মিথস্ক্রিয়ায় বর্তমানে যে সকল সমস্যা তৈরি হচ্ছে, তা ব্রিজ থেকে দৃষ্টিগোচর হচ্ছে না। এজন্যই নানাবিধ প্রাকৃতিক সমস্যা প্রতিনিয়ত ঘটে যাচ্ছে।

০৫। বর্ষার সময় সমস্ত জায়গার পানি সরাসরি কুমার নদে পড়ায়, নদী পাড়ের মাটি ও বসতির ময়লাও ধুয়ে নিয়ে নদে পড়ছে। তাতে করে পরিবেশ ও নদ উভয়ই পরিবর্তিত হয়ে যাচ্ছে।

০৬। নদীর উপরেই স্থায়ী ভবন তৈরির ফলে নদের সাভাবিক গতি বাধাগ্রস্ত হচ্ছে ও কুমার নদ দিনে দিনে মারা যাচ্ছে।

০৭। বাজার ও অপ্রাতিষ্ঠানিক বসতিতে শৌচালয় সরাসরি কুমার নদের উপর নির্মান হওয়ায় নদী ও পরিবেশ সবথেকে ক্ষতিগ্রস্ত হচ্ছে।

1. Due to the drains of the settlements of the Alipura Bridge and the Jora Bridge are being directly opened into the river, the environment is being severely damaged.

2. In the selected area, everyone throws the dirt and waste directly into the river. Moreover, where they use to take bath and to do other daily work, use to throw the waste just beside the place by the side of Ghatla. In this way, the environment of the river and its surroundings is directly polluted.

3. Due to constructing infrastructure (market & settlement) by grabbing the river area, the river, it's environment and the people dependent on it have been changed a lot. Which in most of the cases is creating problems.

4. The Lohar Bridge (iron bridge) is the most vibrant area over Kumar river. As this place is covered with iron case, the visual connection with it's surrounding from this bridge has become impossible. As a result it's letting people doing several anti-environmental activities like peeing into the river water spontaneously.

5. During the rainy season, the waste and dirt from river adjacent areas use to be washed away by the rain water and fall into the river.

6. Due to the construction of buildings on the river, the normal speed of the river is hampered and Kumar river is dying day by day.

7. As the toilets of market and informal settlement are constructed upon river, river and overall environment are being imbalanced.



ছাগল পালন
(Keeping goat)
দুর্গা বিসর্জন
('Durga' imersion)
নদীতে গোসল
(Bath in the river)
পথচারী
(Pedestrian)
(Bathing)
দল বেঁধে গোসল
(group bathing)
(Keeping goat)
দুর্গা পূজা
(worship of 'Durga')
দৈনিক বাজার
(regular shopping)
কাপড় ধোয়া
(washing clothes)

## ৪.৩.৪.২ সাংস্কৃতিক আলোচ্য বিষয় সমূহ
## 4.3.4.2 Cultural findings

বাচ্চা পালন
(child rearing)



সহযোগিতা
(Cooperation)



দুর্গা পূজা
(worship of durga)





আড্ডা
(gossiping)



শহীদ মিনার
(shahid minar)

০১। "ঘাটলা" কুমার নদ পাড়ের এখনো পর্যন্ত সবথেকে ঐতিহ্যবাহী প্রাণবন্ত সামাজিক স্থান। যে স্থানকে প্রতিনিয়ত মানুষ বিভিন্ন কাজে ব্যবহার করে যাচ্ছে। ঘাটলার সাথে কিছু সুবিধা যুক্ত করতে পারলেই সামগ্রিক স্থান বিন্যাসে ঘাটলা বিশেষ ভুমিকা পালন করতে পারবে।

০২। কুমার নদ ও বসতির মাঝে আগে নদীর সমান্তরালে ঐতিহ্যগতভাবে পায়ে হাঁটা পথ ছিল, তাই নদী দখলের ক্ষেত্রে সামাজিক এই স্থান এখন না থাকায় নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে।

০৩। ঐতিহ্যগতভাবে বসতিগুলো নদীমুখী হওয়ায় সকল সামাজিক, সংস্কৃতিক, ও জনসমাগমের স্থানগুলো নদীর পাশে বা নদীর দিকে তৈরি হত। এখন নদী বিমুখতার জন্য এই সামাজিক স্থানগুলো বিলুপ্ত হওয়ায় বিভিন্ন ধরনের সামাজিক সমস্যার সৃষ্টি হচ্ছে।

০৪। কিছু কিছু অবকাঠামো (রামকৃষ্ণ মন্দিরের পাশের অবৈধ বসতি) প্রতিস্থাপন, পুনরায় নির্মাণ (মন্দির) ও বৃদ্ধিকরনের অভাবে বর্তমানে রামকৃষ্ণ ঘাটলা ও মন্দির কেন্দ্রিক যে সংস্কৃতিক স্থান আছে তা পর্যাপ্ত জায়গা পাচ্ছে না। একই সাথে নদীর এত কাছে থাকা সত্বেও তা সামাজিক স্থান থেকে দৃষ্টিগোচর হয় না।

০৫। বিসর্জন ঘাটলায় প্রতিমা বিসর্জনের ঢালু পথ না থাকায় এই স্থানের কর্মকাণ্ডে অসামঞ্জস্যতা দেখা যায়।

০৬। শহরের বড় ফাঁকা স্থান বিসর্জনের মাঠে বিভিন্ন ধরনের সামাজিক ও সংস্কৃতিক স্থান থাকা সত্বেও তাদের মধ্যে যোগাযোগের জায়গায় প্রয়োজনীয় অবকাঠামো না থাকায় স্থান বিন্যাসে নানারকম সমস্যা রয়ে যাচ্ছে।

০৭। যে সকল সামাজিক ও সংস্কৃতিক স্থান এখনো প্রাণবন্ত, সেগুলোকে সময়ের চাহিদার সাথে পুনরায় না ভাবার কারনে, বিভিন্ন দিক থেকে তা ধীরে ধীরে হারিয়ে যাচ্ছে।

1. Till now "Ghatla" is the most lively traditional space on the bank of Kumar river. Local people are using this place for different types of purposes. Just with ensuring few basic facilities these places can act more actively into the overall successful social space distribution.

2. In between Kumar river and settlements, there were pedestrian lanes at the both side of river, evaluated with indigenous practice. With the enthronement upon river this places are almost lost now days. As a result several problems have been appeared into the daily life of people.

3. As traditionally the settlements are river facing, all kind of social, cultural and people gathering spaces were built by the side of river. But now a days, scenario has been changed a lot. Infrastructures are being built keeping the river backward. That's why social spaces along riverside are being destroyed.

4. Due to building some illegal infrastructures (adjacent settlement Ramkrishna temple) and lacking of reconstruction and repair of some other infrastructures the socio-cultural space around Ramkrishna Ghatla and temple, are not having sufficient space. Moreover, in spite of being close to the river these spaces are not visible enough.

5. As there is no dedicated slop with the Visharjan Ghatla (place for immersion), it becomes so difficult to conduct the immersion activities.

6. In spite of having various social and cultural places in the Visharjan Ghatla (one of the largest open space of the city), there are many problems due to lack of necessary infrastructure for proper accessibility.

07. The social and cultural places that are still alive, because of not rethinking then with the demand of time they are being lost gradually.


(making sweets)
(selling tea)
(shoemaker)
(Poultry keeping)
(selling foods)
(supplying goods)
(supplying goods)
(Tea consumer)
(Buyers of groceries)
(supplying water)

## ৪.৩.৪.৩ অর্থনৈতিক আলোচ্য বিষয় সমূহ
## 4.3.4.3 Economical Findings



০১। বাজার এলাকার (হাজী শরিউতুল্লাহ বাজার, ময়রা পট্টি) সামাজিক স্থান আগে ঐতিহ্যগতভাবে কুমার নদের পাশে ছিল এবং নদের সাথে মানুষ, বাজারের বিন্যাস, সাংস্কৃতিক কর্মকাণ্ড প্রভৃতির মিথস্ক্রিয়ায় এক স্বয়ং-সম্পূর্ন সাম্যাবস্থা বিরাজ করত। কিন্তু এখন নদের সাথে এই সামাজিক স্থানগুলো বিলুপ্ত হওয়ায় নদ ভরাট করে অবৈধ স্থাপনা নির্মানের ও দখলের মাধ্যমে অর্থনৈতিক ব্যবস্থা বিঘ্নিত হচ্ছে।


০২। অর্থনীতির কেন্দ্রগুলোতে (বাজার, ব্যবসায়িক কেন্দ্র, ছোট চায়ের দোকান) সুযোগ থাকা সত্ত্বেও একটিমাত্র যোগাযোগের মাধ্যম স্থলপথ ব্যবহার করায় সম্পদের সুষ্ থ ব্যবহার নিশ্চিত করা হচ্ছে না।



(making sweets)

০৩। অনেক হারিয়ে যাওয়া ঐতিহ্যের মধ্যে এখনো কিছু টিকে থাকা অর্থনৈতিক স্থানকে (ঘাটলাগুলো ) ব্যবহার না করায় মানুষের নদী নির্ভরতা দিনে দিনে হারিয়ে যাচ্ছে। যার ফলে নানা ধরনের বাজার কেন্দ্রিক সামাজিক সমস্যার সৃষ্টি হচ্ছে।

০৪। বাজারের কর্মকাণ্ডের জন্য এখন শুধুমাত্র বেচাকেনার স্থানগুলো ছাড়া বাকি সাহায্যকারী অবকাঠামোগুলো না থাকায় (চিহ্ন বহনকারী কোন গাছ ও তাকে ঘিরে গড়ে উঠা নানাবিধ ঐতিহ্যবাহী কর্মকাণ্ডের স্থান, ঘাটলার সাথে সংযোগ, নদীর সাথে সংযোগ, জনগনের টয়লেট ব্যবস্থা, নানাবিধ সেবা প্রদানকারী কাঠামো) বাজারের স্থান স্বয়ং-সম্পূর্ন হচ্ছে না।




1. Market place (Haji Shariatullah Bazar, Moyra Patti) the social place was traditionally by the side of the Kumar river. And in the interaction of the people with the river, the market order, and cultural activity, there was an auto-equilibrium. But now, due to the extinction of these social places along the river, the economic system is being interrupted by the construction of illegal structures by filling up the river.

2. In the center of the economy (markets, business centers, small tea shops), in spite of having an alternative opportunity, the land route is being used as the means of only communication. That's why the proper use of assets cannot be ensured.



(selling tea)

3. Among many lost traditions, there are still some survived economic places (As example, Ghatla) which are not used properly. As a result people's dependency on river is being reduced gradually which finally causing several social problems.



(tailor)

4. For the market activity, there is no other supporting infrastructure (a sign carrying trees and various traditional activities around them, connection to the Ghatla, connectivity with the river, public toilets, various service delivery structures) except the selling spaces. So the market place hasn't been flourished as self-sufficient yet.

## স্যামরং খালের পাশের বসতি

## Settlement along Samrong Canal






## ৪.৪ আন্তর্জাতিক উদাহরণঃ ব্যাং ফ্লি, সামুতপ্রাকান, থাইল্যান্ড
## 4.4 International Case: Bang phli, Samutprakan, Thailand

ব্যাং ফ্লি পুরাতন বাজার আগে সি সোফোন বাজার নামে পরিচিত ছিল, যেটি ১৮৫৭ সালে চৈনিক ব্যবসায়ীদের উপনিবেশ শেষ হওয়ার পরে প্রতিষ্ঠিত হয়। পূর্বে এই বাজারটি থাইল্যান্ডের অন্যতম স্যামরং জনবহুল বাজার এবং যাত্রী বন্দর হিসেবে পরিচিত ছিল। বর্তমানেও এর ঐতিহ্যগত আবহ সকল ক্রেতা এবং আগন্তুকদের মোহিত করে। বাজারটি ব্যাং ফ্লি জেলার অভ্যন্তরে ব্যাং ফ্লি ইয়াই উপজেলায় অবস্থিত। ব্যাং ফ্লি জেলার সর্বমোট ৮৩ টি গ্রামের মধ্যে ২৩ টি গ্রাম ব্যাং ফ্লি ইয়াই উপজেলায় অবস্থিত। আবার ব্যাং ফ্লি জেলা, সামুতপ্রাকান প্রদেশের ৬ টি জেলার ( মিয়াং সামুতপ্রাকান, ব্যাং বো, ব্যাং ফ্লি, ফ্রা প্রাডাএং, ফ্রা সামুত চেডি এবং ব্যাং সাও) মধ্যে একটি। ভৌগলিকভাবে ব্যাং ফ্লি জেলার উত্তরে ব্যাংকক প্রদেশের ব্যাং না, প্রাওয়েত এবং লাত ক্রাবাং জেলা ; পূর্বে সামুতপ্রাকান প্রদেশের ব্যাং সাও থং এবং ব্যাং বো জেলা; দক্ষিন ও পশ্চিমে সামুতপ্রাকান প্রদেশেরই মিয়াং সামুতপ্রাকান জেলা অবস্থিত। ব্যাং ফ্লি এর একটি অনন্য সাধারন ঐতিহাসিক গুরুত্ব রয়েছে। লোকমুখে 'ব্যাং ফ্লি' নামকরণকে কেন্দ্র করেই বিভিন্ন ধরনের গল্প-কাহিনী প্রচলিত যার প্রত্যেকটি স্থানীয় বাসিন্দাদের দৃঢ় ধর্মীয় বিশ্বাসের উপর ভিত্তি করে তৈরি হয়েছে। স্থানীয় বাসিন্দাদের প্রয়াসেই এখানে "ওয়াট প্লপ প্লা চাই চানা সংগ্রাম" অথবা "ওয়াট ব্যাং ফ্লি" নামক একটি বৌদ্ধ মন্দির প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে সংক্ষেপে সেটি ব্যাং ফ্লি নামে পরিচিত হয়। কিছুদিন পরে পার্শ্ববর্তী এলাকায় আরও একটি উপাসনার স্থান নির্মিত হয়। তখন প্রধান উপাসনালয়ের নামকরন করা হয় "ওয়াট ব্যাং ফ্লি ইয়াই নাই"। এই উপাসনালয়কেই ঘিরেই ব্যাং ফ্লি প্রাচীন বাজার এবং এর চারপাশের এলাকায় উন্নয়নের ক্রমবিকাশ ঘটে। এখনও পর্যন্ত অত্র এলাকার বাসিন্দাদের সকল প্রকার সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক দৃষ্টিভঙ্গি এক কথায় এই জনপদের অস্তিত্ব এখানকার বৌদ্ধ উপাসনালয় তথা আশ্রম দ্বারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রভাবিত।

"Bang Phli Ancient Market" some time ago known as "Si Sophon Market" was set up in 1857 after the settlement of the Chinese shippers in the territory. It is known as one of the most vibrant markets and traveler ports previously. Today its traditional atmosphere allures a large number of visitors amid the ends of the week. This market is in Bang PhliYai, one of the six tambon (sub-district)'s under Bang Phli district. Bang PhliYai contains 23 villages among total 83 villages of Bang Phli district. Again, Bang Phli district is under Samutprakan province in Thailand. Samutprakan is divided into six districts named Mueang Samut Prakan, Bang Bo, Bang Phli, PhraPradaeng, PhraSamutChedi, and Bang Sao Thong. Bang Phli is surrounded by six other neighboring districts. To the north, there are Bang Na, Prawet, and LatKrabang (all in Bangkok), Bang Sao Thong and Bang Bo (both in Samut Prakan) to the east, and Mueang Samut Prakan to the south and west. Bang Phli has great historical significance. There are different tales behind the naming of Bang Phli. All are related to the strong religious beliefs of the local people. Which caused the establishment of a Buddhist sanctuary named "Wat PlapPla Chai Chana Songkhram" or "Wat Bang Phli" by the local people. Then, in short, the area was named as Bang Phli. A while later, another sanctuary was built in the surroundings, so the main sanctuary was named as "Wat Bang PhliYai Ni". The Bang Phli ancient market and the development of it's surrounding have been evolved around that sanctuary. Still, in recent days, the social, economic, political aspects, in one word the existence of the locality is being influenced by the Monastery in a large way.



স্যামরং খালের দুইধারে বিভিন্ন রকম কার্যক্রম (different types of activity along Samrong Canal)

## ৪.৪.১ ব্যাং ফ্লি ইয়াই থেকে প্রাপ্ত তথ্য
## 4.4.1 Findings from Bang Phli Yai

ব্যাং ফ্লিতে স্যামরং খালের তীর ঘেষে অবস্থিত বসতি যা অতি সাবলীলভাবে স্থানীয় মানুষের অনেককালের জীবন ব্যাবস্থার সাথে তাল মিলিয়ে গড়ে উঠেছে। প্রায় ১৬০ বছরের পুরানো বাজার এবং তৎসংলগ্ন বৌদ্ধ উপাসনালয় ও আশ্রমকে কেন্দ্র করে বছরের পর বছর ধরে ধীরে ধীরে ক্রমবিকাশ করেছে এই জনপদ। স্থানীয় মানুষের দৈনন্দিন জীবনের সাথে প্রত্যক্ষ কিংবা পরোক্ষভাবে মিশে থাকা স্যামরং খাল তাদের জীবিকা ব্যাবস্থারও এক অন্যতম মাধ্যম। অনেককালের চর্চার মাধ্যমে এই জলাশয়ের তীর ধরে বিভিন্ন ধরনের অর্থনৈতিক কর্মকান্ডের সুযোগ তৈরি হয়েছে। সময়ের সাথে সাথে কিছু কিছু কর্মকান্ডের বিবর্তন ঘটেছে। মানুষের চাহিদার পরিবর্তনের সাথে সাথে নিত্য নতুন প্রযুক্তির ব্যাবহার মানুষের জীবিকাব্যাবস্থার নতুন নতুন সম্ভাবনার দ্বার উম্মোচন করেছে। কিন্তু এখনও পর্যন্ত অনেকেই তাদের পূর্বপুরুষের ঐতিহ্যকে লালন করেই জীবিকার ব্যবস্থা করে চলেছে। অন্যদিকে এই সকল স্থানীয় জনগনের সামাজিক জীবনও সম্পুর্নরূপে এই খাল দ্বারা প্রভাবিত। সূর্যোদয় থেকে শুরু করে গভীর রাত পর্যন্ত তাদের প্রাত্যহিক কার্যকলাপ, পরিবার ও প্রতিবেশীর সাথে মিথস্ক্রিয়া, চিত্তবিনোদন এমনকি বাৎসরিক উৎসব এই জলাশয়ের উপর অনেকাংশে নির্ভরশীল। ফরিদপুর জরিপ থেকে প্রাপ্ত বিবেচ্য বিষয়সমূহের সাথে সামাঞ্জস্যপূর্ন তিনটি আলোচ্য বিষয় এখানে তুলে ধরা হয়েছে। এই আলোচ্য ভিত্তিক দৈনন্দিন জীবন ব্যবস্থায় গড়ে ওঠা সামাজিক বন্ধন

There is a settlement along the Samurang Canal, has been formed in tune with the lifestyle of the local people. The locality has gradually developed around 160 years old market and adjacent Buddhist Monastery. The Samrong canal which is, directly and indirectly, related to the life pattern of local people is also an economic source for them. Through the practice of many years, the opportunity of various economic activities has been created along this natural reservoir. Over time, some activities have evolved into different forms. Along with the changes in the needs of people, the use of new technologies has uncovered new possibilities for the livelihood of the people. But till now many of them are carrying their ancestor's livelihood system. On the other hand, the social life of these local people is also fully influenced by this canal. Their daily activities from sunrise to deep night, interaction with family and neighbors, even the annual festival are largely dependent on this water body.Three topics related to the issues derived from the Faridpur survey have been highlighted here. In the light of these topics, the information and data obtained from the theoretical

বিষয়সমূহের আলোকে ব্যাং ফ্লি প্রাচীন বাজার ও এর সংলগ্ন বসতি সম্পর্কে তত্ত্বীয় এবং কায়িক জরিপ থেকে প্রাপ্ত তথ্য ও উপাত্ত পর্যালোচনা করা হয়েছে।

এই আলোচ্য বিষয়সমূহগুলো নিম্নরূপ,

০১ নদী ভিত্তিক পরিকল্পনা এবং সংলগ্ন অবকাঠামো ও স্থান বিন্যাস
০২ মানুষ এবং নদীর মিথস্ক্রিয়ায় সহজাত জীবিকা ব্যবস্থা
০৩ নদী ভিত্তিক দৈনন্দিন জীবন ব্যবস্থায় গড়ে ওঠা সামাজিক বন্ধন

and physical survey of Bang Fli's ancient market and adjoining settlements have been reviewed here,The topics are,

1. River based planning and adjoining infrastructure and space formation
2. Inherent livelihood arrangements through the interaction between people and river
3. Social ties, developed in the river-based everyday life.

### ৪.৪.২ নদী ভিত্তিক পরিকল্পনা এবং সংলগ্ন অবকাঠামো ও স্থান বিন্যাস
### 4.4.2 River based planning and adjoining infrastructure and space formation

ব্যাং ফ্লি ইয়াই, সামুতপ্রাকানের স্থানীয় পরিকল্পনা ও উন্নয়ন কর্তৃপক্ষ যুগে যুগে মানুষের ধারন করা ঐতিহ্যের শুদ্ধতা এবং মৌলিকত্বের সামর্থ্যকে উপলব্ধি করতে সক্ষম হয়েছে। যার প্রমান মেলে তাদের নেয়া বিভিন্ন ধরনের উন্নয়ন পদক্ষেপের মধ্য দিয়ে। অত্যাধুনিক প্রযুক্তির সীমিত ব্যবহার এবং দেশজ ভাবনার প্রাধান্য এখানকার পরিকল্পপনা পদক্ষেক্ষসমূহের যে বিকাশ ঘটিয়েছে তা কেবলমাত্র স্থানীয় জনগনের যুগ যুগ ধরে গড়ে ওঠা জীবন ব্যাবস্থার জন্যই মঙ্গলজনক নয় সেই সাথে সময়ের সাথে প্রয়োজনীয় উন্নয়নকেও তরান্বিত করে। চিন্তাশীল পদক্ষেপসমূহের মাধ্যমে খাল তীরবর্তী পরিকাঠামোগত উন্নয়নকে যৎসামান্য রাখা হয়েছে। অবকাঠামোগুলোকে যতটা সম্ভব খালমুখী করে নির্মানের পাশাপাশি পায়ে হাটা পথের ব্যাবহার মানুষের অবাধ প্রবেশগম্যতাকে নিশ্চিত করেছে। বিশেষ করে বাজার এলাকায় যেভাবে দোকানগুলোর স্থানীয় বিন্যাস করা হয়েছে তা বিভিন্নরকম পথচারিক কার্যক্রমের বিকাশ ঘটিয়েছে। পরিকাঠামোগত নকশায় খালের উপর দিয়ে নির্মিত সেতুগুলোতে যানবাহনের বিচরণকে সীমিত এবং কিছুক্ষেত্রে নিষিদ্ধ করা হয়েছে। যার ফলে পুরো বাজার এলাকা তথাপি বসতি জুড়ে বিভিন্ন বয়সের পথচারীদের অবাধ বিচরন কোনোভাবেই বিঘ্নিত হয়নি। পাশাপাশি এখনও পর্যন্ত বাজারের ক্রেতা- বিক্রেতা এবং স্থানীয় কিংবা বহিরাগতদের একটা বড় অংশ খালটিকে তাদের যাতায়াতের প্রধান মাধ্যম হিসেবে ব্যাবহার করে চলেছে।

Bang Fli Yai, Samut Prakan's local planning and development authority have been able to realize the purity and originality of the traditions held by the people over the ages, which is reflected into the development initiatives taken by them. Due to the limited use of sophisticated technologies and the importance of contextual thought, the way the planning steps have been developed here, it is not only good for the lifestyle of the local people but also relevant to the timely need of development. Through the thoughtful steps, the infrastructural development along the canal has been kept as low as possible. Besides developing the infrastructures being canal-oriented the proper use of pedestrian trail have ensured the easy access of people to the canal. In particular, the way shops have been organized into the market area has developed various pedestrian activities. Into the infrastructural design, the vehicular entrance has been prohibited into the bridge over this canal. As a result, through the entire market area as well as the settlement the free movements of pedestrians of different ages haven't been obstructed. Along with this, a large portion of market buyers-vendors and local or external people continue to use the canal as their main means of transportation.

দিনে দিনে খাল তীরবর্তী বিশেষ করে বাজার এলাকা বিভিন্ন ধরনের মানুষের মিলনকেন্দ্র এবং মিথস্ক্রিয়ার এক চমৎকার মঞ্চ হয়ে উঠেছে। মূলত এই স্থানের প্রধান ব্যবহারকারী বাজারের নিয়মিত ক্রেতা এবং বিক্রেতারা। তারা এখানে সারাদিন ব্যবসা এবং বেচা-কেনায় অত্যন্ত

Day-by-day canals, especially the market area, has become a center for people gathering and an exclusive platform for interaction of different types of people. Basically the main users of this place are regular buyers

ব্যস্ত সময় পার করে। অনেক বিক্রেতারা আবার তাদের দোকানেই স্থায়িভাবে বসবাস করে। তাদের প্রতিদিনের পারিবারিক কর্মকাণ্ড অত্যন্ত চমৎকারভাবে বাজারের পরিবেশের সাথে মিলে মিশে একাকার। এবং অবশ্যই বিভিন্নভাবে স্যাম্রং খালের উপর অনেকাংশেই নির্ভরশীল। স্থায়ি দোকানীদের পাশাপাশি অনেক অস্থায়ী বিক্রেতারাও বাজারের বিভিন্ন জায়গায় জমায়েত হয় তাদের জীবিকার প্রয়োজনে। আবার অন্যদিকে নিয়মিত ক্রেতাদের পাশাপাশি অসংখ্য পর্যটকদের আগমন ঘটে বছরের বিভিন্ন সময়ে। আশপাশের এলাকায় তাদের স্বতঃস্ফূর্ত পদচারনা এখানকার স্থানীয় মানুষদের দৈনন্দিন জীবনে এক লক্ষনীয় মাত্রা যোগ করে। এছাড়াও প্রতিদিন অসংখ্য মানুষ তাদের প্রাত্যহিক ও সাপ্তাহিক প্রার্থনার উদ্দেশ্যে স্থানীয় বৌদ্ধ উপাসনালয়ে জমায়েত হওয়ার পাশাপাশি বিভিন্ন ধরনের ধর্মীয় অনুষ্ঠানে অংশগ্রহন করে থাকে। এইসব ধর্মীয় অনুষ্ঠানসমূহের অনেকগুলোর ঐতিহ্য স্যামরং খালের ইতিহাস এবং বর্তমান প্রচলনের সাথে সম্পর্কিত।

স্থানীয় ক্রেতাদের পাশাপাশি দূরবর্তী ক্রেতাদের কাছেও এই বাজারের গ্রহণযোগ্যতা চোখে পড়ার মত। তারা স্থায়ী দোকানি এবং অস্থায়ী ভাসমান বিক্রেতাদের কাছ থেকে পোশাক, দৈনন্দিন জীবনধারণের জন্য আনুষঙ্গিক উপকরণসমূহ, শাকসবজিসহ অন্যান্য খাদ্যদ্রব্য ও রান্নার উপকরন ক্রয় করে থাকে। এছাড়াও সপ্তাহান্তে এই বাজারে বিশেষ বিশেষ ঐতিহ্যবাহী সামগ্রীর পসার এখানকার ক্রেতাদের একটি বিশেষ আকর্ষন। স্থানীয় এবং দূরবর্তী ক্রেতারা ছাড়াও দেশ-বিদেশের পর্যটকদের নিকটে এই বাজারের ঐতিহ্যগতরূপ একটি বিমুগ্ধতার কারন।

and sellers in the market. They spend a very busy time in business and selling activities all day long. Many sellers reside permanently in their stores. Their daily family activities have nicely matched with the market environment and certainly depends largely on the Samang Canal in various ways. Along with permanent shoppers, many temporary vendors also gather in different places of the market for their livelihood. Apart from the regular buyer and shoppers' number of tourists use to visit this place in different times throughout the years. They have been found to roam in the surrounding places. Moreover, people come to the monastery for their daily prayer. Even several canal oriented religious rituals also play a vital role to activate this zone. The tradition of many of these religious ceremonies are related to the history and the current trends of the Samarang canal.

The acceptability of this market is so obvious to the remote customers likewise the local buyers. They collect their necessary goods including cloths, accessories for household, vegetables and all other foods from permanent shops or temporary vendors. At the weekend, the availability of different traditional goods is a big attraction to the customers. Not only the daily or weekly customers but also tourists become so fascinated with the color of this market.






ক্রেতাদের সমাগম (Buyers' gathering)

কেনাকাটা এবং লেনদেন ছাড়াও এই বাজারে এবং সংলগ্ন বসতির বাসিন্দাদের দৈনন্দিন জীবনের প্রয়োজনীয় কর্মকান্ড এই বাজারের উপর অনেকাংশে নির্ভরশীল। এখানকার বাসিন্দারা এতোটাই সাবলীলভাবে চলাফেরা করে থাকে যে বহিরাগতদের অবাধ বিচরনেও তারা তাদের প্রয়োজনীয় গোপনীয়তা কিংবা নিরাপত্তা নিয়ে একেবারেই বিচলিত নয়। পারস্পরিক বিশ্বাস ও নির্ভরতার মাধ্যমে গড়ে ওঠা সামাজিক নিরাপত্তাই তাদের এই সাবলীলতাকে এক অনন্য মাত্রা দিয়েছে। বিভিন্ন বয়সের নারীরা এবং শিশুদের যথেষ্ট নিঃসঙ্কোচের সাথে চলাফেরা এবং বসে সময়যাপন করতে দেখা যায়। এমনকি এই বসতির মধ্য দিয়েই প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা অবলিলায় অত্যন্ত নিরাপদভাবে যাতায়াত করে।

Except shopping and trading the permanent habitant of the settlement, use the market place for their several types of daily activities. People have found to feel such free in this place that they don't bother about lack of privacy or security even in front of completely unknown tourists. They kind of own the settlement. It's a symptom strong social surveillance and bonding. The social security developed through mutual trust and reliance has given them a unique dimension to this flaw. Women and children of different ages are seen to be comfortable enough to move and sit here and there. In morning number of school kids use the market place as the walking way to their school. They return towards home by the same way after the break.








দৈনন্দিন কার্যক্রম (Daily activity)

সামগ্রিক পরিবেশে প্রাকৃতিক উপকরনের যথেষ্ট প্রাধান্যের কারনে সৃষ্ট সন্তিদায়ক পরিস্থিতির কারনে স্থানীয় বাসিন্দা কিংবা পর্যটক সকলেই খালের তীরবর্তী এলাকায় বসে তাদের অবসর সময়যাপন করতে পছন্দ করে। কেউ কেউ যখন বন্ধু-বান্ধব বা প্রতিবেশীদের সাথে গল্প করে সময় কাটায় তখন কিছু মানুষকে খালের মাছদের কিংবা পাখিদের খাওয়াতে ব্যস্ত থাকতে দেখা যায়। সেখানকার পরিবেশ এমনই আবহ তৈরী করে যে অনেকেই চিত্তবিনোদনমূলক কার্যকলাপে মগ্ন থাকে। এমনকি বিক্রেতাদের বিশেষ করে খাবারের দোকানীদের গানবাজনার মাধ্যমে গ্রাহকদের আকর্ষনের প্রচেষ্টায় রত থাকতে লক্ষ্য করা যায়।

Due to the comfortable situation caused by considerable prominence of natural resources in the overall environment, permanent habitant or tourists all prefer the spaces by the side of the canal for spending their leisure time. Some use to gossip with friends and neighbors while some have been seen to feed the fishes and birds. In fact, the environment creates such an ambience that various recreational activities like music by random guys usually take place. Even the vendors, especially food shoppers, use to be engaged into the efforts to attract customers with music.





অবসর যাপন (leisure time)

প্রতিদিন সকালে স্থানীয় মঠের বৌদ্ধ সন্ন্যাসীরা বাজার এলাকা এবং সংলগ্ন বসতি ঘুরে বাসিন্দাদের কাছ থেকে উপহার সংগ্রহ করে। সব বয়সের এবং সামাজিক মর্যাদার মানুষ আন্তরিক ভক্তির সঙ্গে সন্ন্যাসীদের এই নৈবেদ্য প্রদান করে। এছাড়াও, মানুষ নিত্যদিনের ধর্মাচারের অংশ হিসাবে মাছ এবং পাখিদের খাদ্য সরবরাহ করে। এই সকল আচার-অনুষ্ঠানের মধ্য দিয়ে তারা নিজেদের ও পরিবারবর্গের জন্য সৃষ্টিকর্তার নিকটে সৌভাগ্য প্রার্থনা করে। যেহেতু বাজারটি খালের পাশে স্থাপন করা হয়েছে এবং পানিতে উপরেই প্রচুর সংখ্যক দোকান স্থাপন করা হয়েছে, দোকান ও পরিবারের দৈনন্দিন বর্জ্য নিয়ে খালের পানি দূষণের একটি বড় ঝুঁকি ছিল। কঠিন এবং তরল বর্জ্য উভয়ই খাল এর বাস্তুবিদ্যার জন্য হুমকিস্বরূপ।

কিন্তু স্থানীয় মানুষেরা এই তাদের নিজস্ব অভিযোজিত উপায়ে (পরিকাঠামোগত ও অপরিকাঠামোগত) এই বর্জ্য নিষ্কাশনের

At morning the Buddhist monks of local monastery use to collect offerings from the habitant by moving through the market area and adjoining settlement. People of all ages and social status provide offering to the monks with great devotion. Also, people offer food to the fishes and birds as a part of daily religious rituals. They sick blessing from almighty and wish best luck for themselves and their beloved one against their offerings.

As the market and the settlement have been installed by the side of the canal and a large number of shops have been placed upon the water, there was a big risk of polluting the canal water with the shop's and household's daily waste. Both the solid and liquid

